Prof. Dr. Dipak Kumar Kar

FESTSCHRIFT: PROF. DR. DIPAK KUMAR KAR

(Felicitation volume on the retirement of Dr. Dipak Kumar Kar, Principal, Asutosh College)

First Published: February 2023

Copyright: Asutosh College 92 S. P. Mukherjee Road Kolkata - 700 026

Published by: Prof. Apurba Ray Vice Principal, Asutosh College 92 S. P. Mukherjee Road, Kolkata - 700 026

Front Cover:
Saswata Das
Back Cover:
Dr. Sanchita Sanyal
Assistant Professor in Political Science

Printed by: M. Samu

No portion of this book can be printed or used in any other publication in any mode without permission. Any deviation is liable for legal action.

PROF. DR. DIPAK KUMAR KAR

Editorial Board

Editor:

Dr. Manas Kabi, Bursar, Asutosh College

Associate Editors:

Dr. Chandramalli Sengupta, Associate Professor Department of Bengali

Dr. Sraboni Roy, Associate Professor Department of English

Dr. Supatra Sen, Associate Professor Department of Botany

Dr. Reema Roy, Assistant Professor Department of Journalism & Mass Communication








Table of Contents

Message from President Asutosh College Governing Body: Prof. Saugata Roy	07
Message from Vice Principal: Prof. Apurba Ray	08
A Few Words on My Vivid Memories: Dr. Manas Kabi	09
Note from Publication Cell	10
ড. দীপক করের অবসরের মাইলফলকে কিছু স্মৃতি রোমন্থন: ড. সায়নী মুখোপাধ্যায়	11
স্মৃতির পাতা থেকে: ড. রীণা কর দত্ত	12
A Tribute: Dr. Sriparna Dutta Ray	14
Prof. Dipak Kar - An Enigma: Debdas Ray	16
ডি. কে. থেকে স্যার: ড. সুপ্রিয়া সেনগুপ্ত	18
আমার চোখে অধ্যাপক ড. দীপক কুমার কর: ড. সজল ভট্টাচার্য্য	20
অধ্যাপক দীপক কুমার কর ঃ যেমন দেখেছি: ড. মনোরমা চ্যাটার্জী	23
DK Sir - The mentor I found in my workplace: Dr. Chandramalli Sengupta	24
আশুতোষ কলেজ ও অধ্যক্ষ দীপক কুমার কর: ড. শাশ্বতী দে মন্ডল	27
দীপকবাবু আমার স্যার: ড. তথাগত রায়চৌধুরী	29
এক শিক্ষকের আর এক ছাত্রের কাহিনী: ড. অমিতাভ ঘোষ	36
Dipak-da to Dr. Dipak Kumar Kar, Principal: Dr. Sraboni Roy	38
Captaincy: Dr. Abhik Kundu	40
Dr. Dipak Kumar Kar: Academic Activities in Asutosh College: Dr. Soma Halder	43
হয়ে ওঠা: ড. সঞ্চিতা সান্যাল	47
Professor D.K. Kar - The Scholar-Administrator: Dr. Supatra Sen	48
Prof. Dr. Dipak Kumar Kar's Publications	50





Message from President Asutosh College Governing Body

Dr Dipak Kumar Kar ends his service at Asutosh College on this day, 28 February 2023. He retires as its Principal and to mark this occasion that evokes in us all a mixture of emotions, the institution with which Dr Kar has been associated for the longest period of time, Asutosh College, has decided to publish in his honour this volume Festschrift: Prof. Dr Dipak Kumar Kar. It is a collage of memories penned with care by his colleagues here, some retired, a few his peers and the rest younger. A brilliant scholar, a wonderful teacher, Dr Kar is a well-known name in the field of Botany having authored quite a few books and numerous scholarly articles, some of which have won international acclaim. But it is as an administrator that he has really proved his mettle and for which no praise is enough.

My sincere best wishes to Dr. Kar as he begins a new chapter in his life.

Prof. Saugata Roy President Governing Body Asutosh College



Message from Vice Principal


Professor Dipak Kumar Kar has been a treasured colleague for three decades now. He has been a pioneer of Asutosh College and a true leader in every sense of the term. Unknowingly, he has taught me much. In fact he has been an inspiration to most, who have come in contact with him. A very dedicated and sincere human, Professor Kar is extremely meticulous and strives for perfection even in the minutest of things. Perhaps this is what sets him apart from everyone else. Though he has climbed from peak to peak, he has treasured his ties with Asutosh College and is always there for valuable advice and suggestions. I share a very special bond with him as he has always been courteous and respectful despite his designation and seniority. It has been my privilege to work with him as Bursar and then Vice Principal.

This volume is a humble tribute to this legendary figure. A number of articles have been written each rich with personal memoirs and perspectives. But no word of praise is really enough for Professor Kar. He with his towering contribution to Asutosh College will always be that ray of light which will enlighten all academic minds and every Asutoshian for years to come.

I sincerely thank every contributor and express my gratitude to the Publication Cell of this College who have attempted to compile Professor Kar's illustrious career in this volume. I wish Professor Kar the very best of everything in the days ahead.

May we all fulfil the dreams which Professor Kar envisioned for this august Institution.

Prof. Apurba Ray Vice Principal



A Few Words on My Vivid Memories

Prof. (Dr.) Dipak Kumar Kar is going to retire as Principal of Asutosh College in February 2023. I have been associated with him since 2003. In this long tenure Prof. Kar literally gave me hands-on training in several administrative work.

He is a person who remained busy 24 hours a day for the overall development of Asutosh College. During his tenure as Principal he did outstanding development of the College. Developing the Second campus of Asutosh College in Bhasa, opening the Humanities Block, construction of the Centenary PG Building near the main campus, giving a new look to the old library of the College, are just a few to mention among his several endeavours for the upliftment of the College. All these will be counted as his indelible achievements for Asutosh College, which will be remembered by us for a long time.

In 2010, he initiated construction of a new floor in the Asutosh College Training Centre and subsequently started there the 1st Post Graduate Course in Humanities in the Department of Bengali in 2011, to commemorate the 150th Birth Anniversary of Rabindranath Tagore. Under his leadership, Asutosh College acquired 'A' Grade from NAAC, UGC. I feel this accreditation to be an important milestone and from there another glorious chapter of Asutosh College has begun.

It is very difficult to write in short about Prof. Kar as I have many a happy memory about him. This retirement is nothing but a process of transition for him. The term 'retired-life' cannot found in his own dictionary. I strongly believe that as long as he lives he will be associated with administrative work of some kind or other and will also remain associated with Asutosh College. I pray for him a future life filled with joy, happiness and good health.

To end, I wish to say that I feel blessed to be associated with this volume titled "Festschrift: Prof. Dipak Kumar Kar" that Asutosh College is going to publish as a mark of respect for its Principal on his retirement. Thanks to everyone who wrote about Prof. (Dr.) Dipak Kumar Kar in the said volume. I take this opportunity also to salute my colleagues who have edited the said volume.

Regards.

Dr. Manas Kabi Bursar



Note from Publication Cell

Prof. Dipak Kumar Kar, currently Vice-Chancellor, Sidho Kanho Birsa University, and Principal (on lien) of our college, is set to retire from service on 28 February, 2023.

On the occasion of Prof. Kar's superannuation, the Asutosh College Publication Cell (initially called the Asutosh College Publication Division) which began its journey in 2013-14 with its inaugural publication, Asutosh: Vidyar Sarathi, during his tenure as Principal, is now privileged to present in his honour, a volume of writings penned by some of his former and current colleagues at Asutosh College.


The writings in this volume are in the nature of reminiscences where the authors recall their association, some extended over a period of time, others brief but no less significant, with Prof. Kar during his days at Asutosh College, as a teacher in the Department of Botany and then as part of the administration, first as Bursar, and finally as Principal of one the state's most renowned academic institutions. Enlivened occasionally with anecdotes, they reveal the many facets of a unique personality. An administrator par excellence, a man who led by example, Prof. Kar has always been one to recognize potential when he sees it, and provide the necessary support and environment for the same to flourish.

It was under Prof. Kar's stewardship that the college rose from the abysmal C+ grade of the first NAAC assessment in 2002 to its sparkling A grade in the subsequent assessment in 2016, incidentally the year in which our college completed its hundred years of glorious existence.

To a man who has been inspirational to us all in every way, as an academician, as an administrator, and as a colleague, we humbly present this tribute.

Dr. Chandramalli Sengupta

Dr. Sraboni Roy Dr. Supatra Sen Dr. Reema Roy



ড. দীপক করের অবসরের মাইলফলকে কিছু স্মৃতি রোমন্থন

ႃ মি এই কলেজে ২০০০ সালে যখন অধ্যাপনার কাজে যোগ দিই তখন থেকেই যে বিভাগগুলির প্রশংসা শুনেছিলাম তার মধ্যে অন্যতম ছিল উদ্ভিদবিদ্যা বিভাগ। এই বিভাগের অন্যতম কারিগর ড. দীপক কর ছিলেন ভাটনগর পুরস্কারপ্রাপ্ত পদ্মভূষণ অধ্যাপক অরুণ কুমার শর্মার স্নেহধন্য ও ড. সুমিত্রা সেনের কাছে গবেষণা করা এক উজ্জ্বল গবেষক, অত্যন্ত শৃঙ্খলাপরায়ণ, যত্নশীল এবং বিনয়ী।ওনার এমন সুনাম ছিল সর্বত্র। আমি যেহেতু তৎকালীন অধ্যক্ষ ড.দেবব্রত চৌধুরীর সঙ্গে প্রায় একই সময়ে কাজে যোগ দিই, ফলে বিভিন্ন প্রশাসনিক কাজে (বেতন কাঠামো নির্ধারণ ইত্যাদি) স্যারের খুবই ক্ষেহধন্য দীপকবাবুর সাথে নানান সময় দেখা/কথা হতো। দেখতাম হাসিমুখে জটিল থেকে জটিলতর কাজ ধৈর্য সহকারে করে দিচ্ছেন। তখনকার পদোন্নতি সংক্রান্ত সমস্ত কাজ উনি একাই করতেন, আমরা কেবল তাতে সই করতাম।ডঃ দেবব্রত চৌধুরী তাঁর দুরদৃষ্টি দিয়ে স্যারের প্রশাসনিক দক্ষতা বুঝতে পেরেছিলেন, তাই তাঁকে বারসার - এর দায়িত্বে নিয়ে আসেন। এরপর ২০০৯ সাল থেকে দীপকবাবুকে আমরা অধ্যক্ষ হিসেবে পাই।সে সময় দেখেছি, কলেজের কোনো কাজ কখনো পড়ে থাকতো না, সব কাজ শেষ হতো ক্ষিপ্ৰ গতিতে।নিজে অসম্ভব পরিশ্রমী ছিলেন, তাই কাউকে কোনও কাজের দায়িত্ব দেওয়ার সময় সেই কাজের প্রাথমিক নকশা তাঁর আগে থেকেই করা থাকতো।ওনার সময়কালেই আমাদের বিভাগে স্নাতকোত্তর পঠনপাঠনের সূচনা হয় এবং তখন ওনার কর্মদক্ষতার পরিচয় আরে একবার নতুন করে পাই। বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ নন-গভর্মেন্ট কলেজগুলির মধ্যে ভূগোলে প্রথম স্নাতকোত্তর বিভাগ খোলার অনুমতি পাওয়ার প্রশ্নে তিনি কীভাবে নেতৃত্ব দেন এবং সাফল্য পান, তা ছিল এক দেখার মতো ঘটনা। কলেজে যে কোনো অনুষ্ঠান হওয়ার আগে উনি নিজে পুরো ব্যাপারটা বুঝে নিতেন। ওনার কাজের প্রতি নিষ্ঠা, উদ্যম এবং নিখুঁত হয়ে ওঠার চেষ্টা সকলের জন্যই শিক্ষণীয়।


ওনার সাথে বিভিন্ন কাজ করতে গিয়ে ব্যক্তিগতভাবে শিখেছি প্রচুর — উনি কোনো কাজকেই অসম্ভব মনে করতেন না; সব কাজের জন্যই নিখুঁত পরিকল্পনা থাকতো আর তারপরেও থাকতো তারও বিকল্প পরিকল্পনা। ন্যাক–এর সময় আরও বিশেষ করে অনুভব করেছি কলেজের প্রতি ওনার আশ্চর্য আবেগ। এই আবেগ আর কর্মদক্ষতার নিখুঁত সমন্বয়ে ওনার নেতৃত্বে কলেজের মুকুটে যুক্ত হয় 'এ' প্রেড – এর পালক। স্যারের সঙ্গে নানা সময় ঝগড়া করেছি, বকুনি খেয়েছি — কিন্তু মনে রেখেছি শুধু ওনার ক্ষেহ, প্রশ্রয় এবং কলেজের প্রতি গভীর আবেগ। যখনই ওনার কাছে কোনো সমস্যা নিয়ে গেছি, ফিরেছি তার সমাধান নিয়ে।

পরবর্তী সময়ে স্যার বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক কাজে অন্যত্র গেছেন, কিন্তু যখনই দেখা হয়েছে ওনার অমায়িক, অভিভাবকসুলভ, ক্ষেহমিশ্রিত প্রশ্রাই পেয়েছি। আজ ওনার অবসরের সময়। অথচ যতবার ভাবছি ততবারই মনে হচ্ছে 'অবসর' আর 'ড. দীপক কর' শব্দ দুটি পাশাপাশি একেবারেই বেমানান। অর্থাৎ আমরা যাকে 'বিরোধাভাস' বলি। এর কারণ স্যারের কাছে পরিশ্রমই হল প্রকৃত বিশ্রাম। তাই কামনা করি ওনার অবসর ঘিরেও চারপাশে থাকুক ওনার বড় প্রিয় কাজগুলো। যে কাজ তাঁর দীর্ঘ উজ্জ্বল কর্মজীবনে ছিল একনিষ্ঠ সঙ্গী, সেই কাজই থাকুক তাঁর অবসরের সঙ্গী হয়েও। বিশ্রাম বা অবসর শব্দ দুটি তাঁর জীবনের অভিধানে নাই বা থাকলো। ওগুলো তোলা থাক আমাদের মতো সাধারণদের জন্য।

ড. সায়নী মুখোপাধ্যা<mark>য়,</mark> সহযোগী অধ্যাপক, ভূগোল বিভাগ, আশুতোষ <mark>কলেজ</mark>

ख

সদস্য, পরিচালন সমিতি, আশুতোষ কলেজ




স্মৃতির পাতা থেকে

তিরপাতা উল্টে যখন পিছন ফিরে দেখি তখন কর্মজীবনের সেই দিনটার কথা মনে পড়ে যেদিন আমি আশুতোষ কলেজে প্রথম প্রবেশ করেছিলাম। পুরোনো কর্মস্থান ত্যাগ করে নতুন স্থানে প্রবেশ।একটা জড়তা অস্বস্তি ছিল।কলেজের প্রবেশদারে তখন জনসমুদ্র।তখন চলছে কলেজে ছাত্র ভর্তি। সেই স্রোত কাটিয়ে গুটি গুটি পায়ে সিঁড়ি ভেঙে এলাম দোতলার বারান্দায়। অধ্যক্ষ কক্ষের সন্ধান করে সেই দিকে এগিয়ে গিয়ে দরজা ঠেলে প্রবেশ করতেই মুখোমুখি দেখা হল এক অধ্যাপিকার সঙ্গে। অধ্যক্ষের সাথে সাক্ষাৎ করতে এসেছি শুনে তিনি জানিয়েছিলেন অধ্যক্ষ কলেজে সেদিন উপস্থিত নেই, তিনি বিশেষ কাজে অন্যত্র গিয়েছেন। আমার বিমর্ষতা লক্ষ করে তিনি জানালেন আপনি ডি. কে. স্যারের সাথে দেখা করতে পারেন। আমার সাথে তাঁর সাক্ষৎ পরিচয় নেই অনুধাবন করে সরস ভঙ্গিতে বলেছিলেন যে ঐ কক্ষের ব্যস্ততম ব্যক্তিটি হলেন ডি. কে., সেদিন ওই ঘরের ব্যস্ততম মানুষটিকে চিনে নিতে আমার বিন্দুমাত্র অসুবিধা হয় নি, কারণ সেই কক্ষে উপস্থিত অনেক ব্যক্তির মধ্যে একজনই সমস্ত কিছুকে তাঁর কর্মবৃত্তের বাইরে রেখে পূর্ণ মনোসংযোগে কাজ করে চলেছিলেন। আমার প্রবেশও তাঁর কর্মে ছেদ ঘটাতে পারেনি। খানিক অপেক্ষার পর আমার সঙ্গে তার কথোপকথন শুক্ত হয়। তাঁর সাথে পরিচয়ের সূচনা পর্ব এইভাবে একই সঙ্গে এই একনিষ্ঠ কর্মনিষ্ঠ ব্যক্তিটির সাথেও পরিচয় ঘটে।

তাঁর মতো কর্মনিষ্ঠ, কর্মপরায়ণ মানুষ খুব কম জনই আছেন। প্রশাসক হিসাবে তাঁকে খুব কাছ থেকে দেখার অভিজ্ঞতা হয়েছিল। তিনি ছিলেন যথার্থই পরিপূর্ণতার প্রতীক। যেকোনো কাজ তা গুরু বা লঘু যাই হোক না কেন তাঁর কাছে সমান গুরুত্বপূর্ণ ছিল। নিখুঁতভাবে তাকে উপস্থিত করার একটা সচেষ্ট প্রয়াস ছিল। এই ব্যাপারে যে বিষয়টি প্রায় প্রত্যহ ঘটত, সেই কথাটির উল্লেখ করতে বড় ইচ্ছা করছে। একটা বাক্য সঠিক ভাবে গঠন করার জন্য শব্দচয়ন, বাক্যবিন্যাসের সঠিক প্রয়োগের প্রয়াসে নিরলস সময় ব্যয় করতেন। বারে বারে সেটিকে সংশোধন করে তাকে যথার্থতার শেষ মাত্রায় পৌছে দেওয়া হোতো।

মনে পড়ে সেই পুরনো স্মৃতি। ন্যশানাল এ্যসেসমেন্ট এন্ড আক্রেডিটেসান কাউন্সিলের মনোনীত ব্যক্তিদের আসার দিনগুলোর কথা। তাঁরা টানা তিন দিন আমাদের মূল্যায়ন পর্বে উপস্থিত ছিলেন। সেই ক'দিন প্রতিদিন ভোরে শুভ সকাল জানিয়ে বার্তা আসত। সেই বার্তার টুংটাং শব্দে আমাদের ঘুম ভাঙতো। একই সঙ্গে থাকতো সেই দিনের জন্য নিজেদের প্রস্তুত রাখার উপদেশ। সে যেন এক যুদ্ধকালীন পরিস্থিতি। একথা অস্বীকার করার কোনো উপায় নেই যে ভোরের সেই বার্তা আমাদের কাজে ঝাঁপিয়ে পড়ার প্রেরণা জুগিয়েছিল। একই সঙ্গে আমাদের দায়িত্বশীল সৈনিকের ভূমিকায় অবতীর্ণ করে তুলতে পেরেছিল। তিনি ছিলেন দক্ষ প্রশাসক, যাঁর কাছ থেকে আমরা অনেক কিছু শিখেছি এবং সেগুলো প্রয়োগ করার আজও চেষ্টা করি।


প্রশাসকের পাশাপাশি তিনি ছিলেন উদ্ভিদবিদ্যার একজন সফল অধ্যাপক। ছাত্রছাত্রীদের কাছে তিনি ছিলেন প্রিয় অধ্যাপক। তিনি কেবল ছাত্রছাত্রীদের অধ্যাপক ছিলেন না, আমাদেরও অধ্যাপক ছিলেন। এই প্রসঙ্গে একটা গল্প বলতে খুব ইচ্ছে করছে। একদিন আমরা শুনলাম উনি আমাদের প্রাণীবিদ সম্পর্কিত পাঠ দেবেন। বিষয়টি ছিল আর.এন.এ ও ডি.এন.এ সংক্রান্ত। আমার চলাচল কলা বিভাগের অন্দরে। দ্বন্দ্বে কাটলো ক'দিন।



বিষয়টি আদৌ বোধগম্য হবে কি না সে বিষয়ে সংশয় ছিল। কিন্তু যেদিন তিনি বিষয়ের গভীরে প্রবেশ করে আমাদের আনন্দ দিলেন এবং একই সঙ্গে বিষয়টি সম্পর্কে মনে কৌতুহল জাপ্রত করলেন – নানা আঙ্গিকে মনে প্রশ্ন জাগতে শুরু করলো। তিনি কেন একজন প্রিয় অধ্যাপক তা উপলব্ধি করতে পেরেছিলাম সেই দিন। অধ্যক্ষ হিসাবে তাঁর অবদান অনন্য। কলেজ শুরুর প্রথমে বিদ্যায়তনের যে পরিসর ছিল তার থেকে অনেক গুণ বৃদ্ধি পেয়েছিল। কলেজের পরিকাঠামো প্রসারে তিনি তাঁর চিন্তাভাবনাকে কেবলমাত্র বিজ্ঞানবিষয়ক বিষয়ে সীমাবদ্ধ রাখেন নি। কলা বিভাগের জন্য তৈরি হয়েছিল আলাদা ভবন। তাঁর সময়েই আশুতোষ কলেজ শতবর্ষে পদার্পন করেছিল। মহা সমারোহে বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে এই পর্ব সংঘটিত হয়েছিল যার নেতৃত্ব দিয়েছিলেন তিনি। এই সময়ে তাঁর তত্ত্বাবধানে তৈরি হয়েছিল আশুতোষ কলেজের শতবার্ষিকী ভবন। তাঁর সময়েই স্নাতকোত্তর কয়েকটি বিষয় সংযোজিত হয়েছিল। আমাদের প্রাচীন লাইব্রেরি ডিজিটালাইজেশন হয়ে নবরূপে আত্মপ্রকাশ করেছিল। তিনি ছিলেন এক অনন্য কারিগর।

তাঁর নিরলস কর্মনিষ্ঠা, একাপ্রতা, উদ্যম, কর্মকুশলতা তাঁর কর্মজীবনে কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে উত্তরণ ঘটিয়েছে। আজ তিনি শিক্ষা জগতের এক উচ্চস্থানে বিরাজমান। তাঁর কর্মজীবন আরো দ্যুতিময় ও উজ্জ্বল হয়ে উঠুক এই কামনা করি।

ড. রীণা কর দত্ত সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ, আশুতোষ কলেজ ও সম্পাদক, শিক্ষক সাংসদ, আশুতোষ কলেজ



A Tribute


of working as an Assistant Professor in the Department of Zoology, Asutosh College under the admirable and outstanding leadership of Dr. Dipak Kar. Although our association was only for a meagre one year before Dr. Kar joined as the Hon'ble Pro Vice Chancellor, University of Calcutta on 6th of December 2017, it had indeed been a great opportunity for me to learn simply by observing how he performed his duties meticulously for extended hours in college. I was in complete awe of him from day one: it was the 19th of January 2017, the day I joined that esteemed institution, Asutosh College. I saw the multifaceted nature of his work, epitomizing the skill of creating an ideal balance between management of time and delivering quality work. His exceedingly efficient and effective leadership qualities along with the capability of critical thinking helped us to achieve the desired outcomes on several occasions.

I have had the golden opportunity to perceive his leadership agility and adaptability to learn and perform at the highest level while we were preparing our proposals for DBT STAR College and DST FIST (Level 0) Program in 2017. Needless to say, his defence of the project proposal led to our glory. Currently, Asutosh College offers five postgraduate courses: Applied Geology, Computer Science, Environmental Science, Geography and Zoology all sponsored by DST FIST, Government of India.

Dr. Kar's sense of innovation and creativity helped us push boundaries and memories of the thought-provoking discussions in his chamber are still a guiding force for me. The Innovation Cell of our college is today working towards developing new ideas and allowing our bright students to grow in an environment that encourages people to think in unusual and creative ways.

Dr Kar's motivational talk also helped me to develop my self-confidence and perform accordingly. His personal notes and feedback that he shared during the preparation of our presentations have left an indelible mark, his fastidious nature of work, strong decision-making skills and the conviction with which he stood by his decisions was a learning experience of a lifetime.

I shall cherish the moments when we worked together and shall always remember his exceptional contribution to our institution. He has left a legacy that inspires us




to dream more, learn more, work more, truly reflective of his excellent leadership qualities.

It is with great sadness we must now say goodbye. Thank you, Sir, once again for your outstanding leadership. I wish you the best as you retire as Principal of Asutosh College. You will always stay in our hearts as we continue to honor your legacy.

I would like to end by saying, "You have been a truly great Principal who is hard to find, difficult to part with and impossible to forget."

Dr. Sriparna Datta Ray
Associate Professor, Department of Zoology
&
IQAC Coordinator
Asutosh College



Prof. Dipak Kar - An Enigma

have been requested by Prof Sraboni Roy, on behalf of Publication Committee of Asutosh College to pen a few lines about Prof. Dipak Kumar Kar and my association with him. I feel a little hesitant to write a few words about Prof. Dipak Kumar Kar.


In our Geochemistry text book by a renowned author, there was a sentence, "METEORITES ARE CONSIDERED TO BE ENIGMA/ENIGMATIC".

To me Prof. Kar is an enigma. Starting as a lecturer in a college, he became the Bursar, then the Principal, followed by Chairman, College Service Commission, Pro Vice-Chancellor (Academic) of the University of Calcutta and now he is efficiently fulfilling the role of the Vice-Chancellor of a nascent University. It is a meteoric rise, a result of untiring efforts and a workaholic nature.

Prof. Kar assumed the office of the Principal, Asutosh College on the 9th of January, 2009.

In his first Governing Body meeting, he proposed my name as the Bursar of the college. I found it so meaningful and became the Bursar (19 January, 2009). From the next day onwards, I used to sit beside Prof. Kar (two chairs, away from him), usually between 3 to 6 P.M. and sometimes for an extended session at ACTC till 8 P.M and then coming back in his Maruti car and getting off near Dhaka Kalibari. So, in most of the cases, I had the rare opportunity to observe him. I noted ten remarkable traits in his character. These are as follows:

- 1. He never seemed to feel hungry during college hours, so I come to the conclusion that he would not waste even five minutes that might hinder his work.
- 2. Mrinal and Jaya were literally taking care of everything else so that he might continue with his work.
- 3. Prof. Kar is essentially a person, who could, and still possibly can never sit idle. When the Centenary Building was under construction, he assigned all the major responsibility to Prof. M.M. Adak, but whenever he had time, we used to visit the site in groups. On those days, he used to take the opinion of all who accompanied him to the site.
- 4. Prof. Kar was very considerate about some of us like Raikamaldi, Binayakda, Ashokeda, Sajalda, Apurbada, Phalgunida and me as well (Debdasda). But his main strength was Chandranathda. All the nitty-gritty of Bikash Bhaban was efficiently




- done by Chandranath. Often, I used to accompany him to put signature on behalf of the Principal.
- 5. Prof. Kar was very close to Prof. Debabrata Chaudhuri, our former Principal. I believe that in the first stage Prof. Kar's Principalship, he was guided by Prof. Chaudhuri. It reflects that his first lesson of Administration was learnt from him.
- 6. Prof. Kar possess a very rare character. He could easily remember all the files, kept in the almirahs. He used to instruct Mrinal to trace the file like, "third from the left in the second rack or extreme right in the lower rack etc". This reflects his ability of organising data for smooth running of the Institution.
- 7. When I was selected for the Fulbright Nehru Fellowship in 2010, he was instrumental in getting the necessary approval from the Governing Body. This reflects his tremendous sense of commitment.
- 8. During the Admission Committee meeting every year, it was his appeal to increase the number of Honours seats in each department. During my tenure as Departmental Head, I could not keep his request but he never forced me.
- 9. His relationship with the college office, or more particularly the pool of dedicated non -teaching staff members could not be ascertained by me. It seemed to me that he had soft corner for four persons, namely Manas Babu, Debasish Babu, Arun Babu, and of course Salil Babu. This reflects his acumen to select persons as per his requirements. This is considered as a great Managerial Quality in Management.
- 10. Possibly, the best part of his tenure was the introduction of Post Graduate Courses in multiple subjects. I thought that he would be the first Vice-Chancellor of our dream Asutosh University at Joka Campus. Instead, time had something different in store for him and he became the Vice-chancellor of the Sidhu Kanho Birsa University.

I do not know what would be his next position in his stellar career, but I presume he would add many more feathers to his cap.

Till then very, very, warm wishes from one of his elder brothers for his healthy and prosperous life ahead.

- Debdas Da

Dr. Debdas Roy Professor (Retired) Department of Geology




ডি. কে. থেকে স্যার

ႃ মি একটু বেশি বয়সে মানে চল্লিশোর্দ্ধে আশুতোষ কলেজে অধ্যাপনার কাজে যোগ দিয়েছিলাম। অধ্যাপক, অধ্যাপিকারা আমার বয়োজ্যেষ্ঠ, সমবয়সী বা বয়ঃকনিষ্ঠ। কিন্তু অধ্যাপনার অভিজ্ঞতায় যেহেতু সকলেই আমার বরিষ্ঠ আর বয়সে কে বড়ো, কে ছোটো বুঝতে না পেরে প্রথমদিকে সকলকেই 'আপনি' বলে সম্বোধন করতাম। পরবর্তীকালে অবশ্য অনেকেই 'আপনি' থেকে 'তুমি'তে চলে এসেছিলেন। একটা বিষয় আমার বিশ্ববিদ্যালয় জীবন থেকে কর্মজীবন অবধি বরাবর লক্ষ করে এসেছি যে প্রাণীবিদ্যা আর উদ্ভিদবিদ্যা বিভাগ দ'টি সবসময় সামনাসামনি থাকে। এইজন্যই এই বিভাগ দ'টিকে সিস্টার ডিপার্টমেন্ট বা সহোদরা বিভাগ বলা হয়। কলেজে যোগ দিয়ে দেখলাম – এখানেও এর অন্যথা হয়নি। এখানেও সামনাসামনি প্রাণিবিদ্যা আর উদ্ভিদবিদ্যা বিভাগ। দু'টি বিভাগেই তখন কয়েকজন বয়োজ্যেষ্ঠ অধ্যাপক ছিলেন, তাঁরাই হতেন বিভাগীয় প্রধান আর আমরা তখন সেই অর্থে কনিষ্ঠকুল।উদ্ভিদবিদ্যা বিভাগের তেমনই কনিষ্ঠতম অধ্যাপক ছিলেন ড. দীপক কর। দুই বিভাগের সেতৃবন্ধনও ছিলেন বলা যায়। মাঝেমাঝেই আমাদের বিভাগে আসতেন, চলত নানান আলোচনা, কথা, গল্প। আমার থেকে বয়ঃকনিষ্ঠ জেনেও ডি.কে. আপনি বলে সম্বোধন করতেন। সেই থেকে শুরু আমাদের সহকর্মী, ভ্রাতৃসম বন্ধু হিসেবে পথ চলা।বয়সে ছোটো হলেও ওনার কাছ থেকে অনেক কিছু শেখার ছিলো। কর্তব্যে একনিষ্ঠ, উদ্যমী, পরিশ্রমী, যে কোনো দায়িত্ব নিতে সর্বদা প্রস্তুত, ছাত্র দরদী একজন মানুষ। (তখনও আমাদের কলেজের সায়েন্স বিভাগগুলো কো-এড হয়নি) আমাদের প্রাণিবিদ্যা বিভাগের কলেজ-বর্হিভূত অনেক কাজে উনি আমাদের সঙ্গী হতেন। যেমন, একবার আমরা বিভাগ থেকে ঠিক করলাম বিভাগীয় অধ্যাপক ভবানীবাবুর (ড. ভবানী শংকর জোয়ারদার) সঙ্গে ওনার বিজ্ঞানমঞ্চের কর্মস্থল 'গোঘাট' যাবো। এক রবিবার আমাদের বিভাগের আমরা চারজন আর উদ্ভিদবিদ্যা বিভাগের ডি.কে রওনা হয়েছিলাম গোঘাটের উদ্দেশ্যে। ওখান থেকে হাওডা স্টেশনে ফিরতে বেশ রাত হয়ে গিয়েছিলো। একটা ট্যাক্সি নিয়ে বাড়ির উদ্দেশ্যে রওনা হয়েছিলাম আমরা। আমি বলেছিলাম, আমাকে গড়িয়াহাটে নামিয়ে দিলেই আমি চলে যেতে পারবো। কিন্তু আমার বিভাগীয় অধ্যাপকদের সঙ্গে ডি.কে.- ও প্রবল আপত্তি জানিয়েছিলেন – "অতো রাতে আমাকে একা গডিয়াহাটে নামিয়ে দিয়ে চলে যেতে পারেন না।" বাডি অবধি পৌছে দিয়েছিলেন ওনারা। সেদিন উপলব্ধি করেছিলাম – আশুতোষ কলেজ কেন অন্য সব কলেজের থেকে স্বতন্ত্র। যেখানে মহিলারা এতোটা সুরক্ষিত, সম্মানিত - সেই কলেজ তো স্বতন্ত্র হবেই। কর্মসূত্রে অনেক কলেজে গিয়েছি, মূলতঃ প্র্যাক্টিকাল পরীক্ষা নিতে, কিন্তু কোনো জায়গাতেই এই 'বিশেষ' ব্যাপারটা খুঁজে পাইনি।

আমার পাশের বিভাগের সহকর্মী ডি.কে. আস্তে আস্তে বিভাগের গণ্ডী পেরিয়ে কলেজের নানান পরিচালনামূলক কাজে জড়িয়ে পড়তে লাগলেন। যে দায়িত্বই নিতেন, নিপুণভাবে সেই দায়িত্ব পালনের চেষ্টা করতেন। ওনার কাজের ধরন ও দূরদর্শিতা আমার খুব ভালো লাগতো। ভালো কিছু শেখার জন্য বয়স যেমন অন্তরায় হয়না তেমনি বয়ঃকনিষ্ঠের কাছ থেকে কিছু শিখতে গেলেও কোনো কুষ্ঠাবোধ জাগেনা।

এরপর ডি.কে. হয়ে গেলেন – আশুতোষ কলেজের প্রিন্সিপ্যাল।আমার সেই মুহুর্তে মনে হয়েছিলো আশুতোষ কলেজ এবার সঠিক, উদ্যমী, যোগ্য তত্ত্বাবধানে এলো। যে মূহুর্তে ডি.কে. অধ্যক্ষের আসনে বসলেন, সেই মুহুর্তে থেকে ওনাকে আমার সম্বোধন হয়ে গেলো 'স্যার'।



টিচার্স কাউন্সিলের সেক্রেটারি হওয়ার সুবাদে, অধ্যক্ষের কাছাকাছি থেকে অনেক কাজ করার সুযোগ পেয়েছি, অনেক কাজ শিখেছি, সময়ের সদ্ব্যবহার বা টাইম ম্যানেজমেন্ট শিখেছি আর যে জিনিসটা শিখেছি – সেটা হোলো, জীবনের অভিধানে যেন 'না' বলে কোনো শব্দ না থাকে। অনেক কাজ যেগুলো মনে হয়েছিলো কিছুতেই করা যাবে না, স্যার সেটা করিয়েই ছাড়তেন। এই প্রসঙ্গে আমার একটা ব্যক্তিগত অভিজ্ঞতার কথা সকলের সঙ্গে ভাগ করে নিতে চাই ঃ

ইউ.জি.সি থেকে একবার আট লাখ টাকার একটা অনুদান দেওয়ার কথা ঘোষণা করেছিলো (তখন অবশ্য ঐ টাকাটা অনেকটাই ছিলো)।একটি বিশেষ দিনে, বিকেল পাঁচটার মধ্যে ওদের দপ্তরে, ওদের পাঠানো সমস্ত প্রশ্নের সদৃত্তর ও তার সঙ্গে সমর্থনকারী কাগজপত্র জমা দিতে পারলে সেই সমস্ত পরীক্ষা করে কোন কোন বিভাগকে অনুদান দেবে ঠিক করবে।আমি তখন বিভাগীয় প্রধান, ভাবলাম, ঐ টাকায় আর কিছু হোক না হোক, কিছু ভালো বই তো বিভাগের জন্য কেনা যাবে। যখন ওই নোটিশ বিভাগে বিভাগে পাঠানো হয়েছিলো, তখন থেকেই সব কাগজপত্র জোগাড় করে ফাইল করে রেখেছিলাম। অধ্যক্ষ দীপকবাবু তখন ভীষণ ব্যস্ত। ইউ.জি.সি-র ঘোষিত শেষ দিনে দেখলাম, অধ্যক্ষ কলেজের একটি অনুষ্ঠানে পৌরোহিত্য করছেন। কি করি। অনুষ্ঠান কক্ষের সামনের আসনে গিয়ে বসে থাকলাম, আমাকে দেখে ওনার যদি ইউ.জি.সি-র ব্যাপারটা মনে পড়ে। গ্রাঁ, উনি লক্ষ্য করেই তাড়াতাড়ি শেষ করে প্রিন্সিপ্যালের ঘরে চলে এলেন, আমিও ফাইল নিয়ে ওনার সঙ্গে সঙ্গে ঘরে এসে বসে থাকলাম। হাতের কয়েকটা কাজ সেরেই উনি আমাকে নিয়ে ছুটলেন ইউ.জি.সি দপ্তরে। বিকেল সাড়ে চারটায় পৌছোলাম, কাগজপত্র জমা দিয়ে, ওদের কিছু মৌখিক প্রশ্নোত্তর সামলে (স্যারই সামলালেন) – বাড়ি ফেরা। কয়েকদিনের মধ্যে ইউ.জি.সি দপ্তর থেকে জানালো আমাদের বিভাগকে ওরা টাকাটা দেবে।


একটা মানুষের সদিচ্ছা, পরিশ্রমকে সম্মান জানানো – এটাও ডি.কে. স্যারের কাছ থেকে শিক্ষণীয়। এছাড়াও বহু অনুরোধ, প্রয়োজনের ফর্দ নিয়ে প্রায়শই স্যারকে হয়তো বিব্রত করেছি। কখনো বিরক্তি প্রকাশ করেনি, বিষয়টা নিয়ে আলোচনা করেছেন, গুরুত্ব বুঝে অনুমোদন করেছেন। ইন্দ্রাস্ট্রিয়াল ফিস্ এন্ড ফিসারিজ বিভাগের প্র্যাক্টিক্যালের টেবিলে আলোর ব্যবস্থা করতে হবে, এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের চারতলা ঘরে একফালি মাইক্রোবায়োলজি ল্যাবে বেসিন বসানো, আমাদের বিভাগে আমাদের বসার জায়গায় কোনো জানলা না থাকায় গরমকালে ঘরটায় দমবন্ধ হয়ে যায় – তাই যদি আমাদের আর শিক্ষাকর্মীদের বসার জায়গায় এ.সি .লাগিয়ে দেবার ব্যবস্থা করেন – এমন আরো কতো কী। সবই পেয়েছি এবং আমি জানি শুধু আমি কেন – যে কোনো বিভাগের যে কোনো অধ্যাপক/অধ্যাপিকা যখনই কোনো আর্জি নিয়ে গিয়েছেন স্যারের কাছে, সেটা যদি বিভাগের জন্য বা ছাত্রছাত্রীদের অনুকূল বলে মনে হয়েছে – সঙ্গে সঙ্গে অনুমোদন দিয়েছেন।

আরো অনেক কথা বলার ছিলো, কিন্তু সকলেই তো বলবেন তাই এবার আমাকে থামতে হবে।

স্যার, আপনাকে দেখে অনুপ্রাণিত হয়ে আরো আরো ডি.কে. সৃষ্টি হোক এমনটাই কামনা করি। প্রার্থনা করি আপনার সুস্থ, সুন্দর, আনন্দময় ভবিষ্যৎ জীবন। আর একটা অনুরোধ স্যার – আপনার ভেতরের ডি. কে. – কে কখনোই বিশ্রাম নিতে দেবেন না।

ভালো থাকবেন।

ড. সুপ্রিয়া সেনগুপ্ত অধ্যাপক (অবসরপ্রাপ্ত), প্রাণীবিদ্যা বিভা<mark>গ</mark>




আমার চোখে অধ্যাপক ভ. দীপক কুমার কর

বনেরপথে চলতে চলতে ফেলে আসা দিনগুলিতে থাকা মানুষজনের মুখ ও তাদের সঙ্গে জুড়ে থাকা অভিজ্ঞতার মিছিলগুলি, আমাদের স্মৃতির অতল থেকে কখনো-কখনো ঘাই মেরে উঠে আসতে চায়। আবার সেগুলোর মধ্যে অনেক মানুষ, অনেক অভিজ্ঞতা বুদবুদের মতো মিলিয়েও যায় বিস্মৃতি পারাবারে। আবার অনেক মানুষের মুখ আমাদের স্মৃতিতে সততই ভেসে থাকে — সুখে, আনন্দে। আমার মনের মণিকোঠায় থাকা তেমনই একজন মানুষ হলেন অধ্যাপক ডঃ দীপককুমার কর, যাঁর সঙ্গে কর্মসূত্রে দীর্ঘ প্রায় পঁয়ব্রিশ বছরেরও বেশি সময় ধরে আমার পরিচয়। সেই পরিচয় পরবর্তীকালে কর্মক্ষেত্রের পরিধি ছাড়িয়ে ব্যক্তিগত ও পারিবারিক পরিসরেও বিস্তৃত হয়েছে। একসঙ্গে কত কথা, কত আনন্দ, কত সুখ স্মৃতি — দীপকবাবুর সম্পর্কে লিখতে বসে আজ সেই সব কিছুই মনে পড়ে যাচ্ছে। অনেক দিন আগে পড়া কোনো বই নিয়ে হঠাৎই যদি আবার পড়তে বসি, তখন যেমন ধুলো ঝেড়ে পুরোনো কথাগুলো জ্বলজ্বল করে ওঠে এও অনেকটা যেন সেই রকমই।

আশুতোষ কলেজে ১৯৮৫ সালে দীপকবাবু উদ্ভিদবিদ্যা বিভাগে অধ্যাপক হিসেবে যুক্ত হন। আমিও তখন কলেজেরই প্রাণীবিদ্যা বিভাগে অধ্যাপনা করছি। তখন উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যা বিভাগের অধ্যাপকেরা <mark>একই কমনরুমে বসতেন। সেখানেই দীপকবাবুর সঙ্গে আমার প্রথম পরিচয়। কলেজে যুক্ত হওয়ার পর</mark> থেকেই তাঁর কর্মোদ্যোগ আমাকে মুগ্ধ করেছিল। কলেজের প্রাক্তন ছাত্র হওয়ার সুবাদে উদ্ভিদবিদ্যা বিভাগ সম্পর্কে আমি অবগত ছিলাম। তিনি এসে বিভাগটাকে যেন আরো যত্ন নিয়ে, আরো ধৈর্য্য নিয়ে গুছিয়ে <mark>তুললেন। উদ্ভিদবিদ্যা বিভাগে সংরক্ষিত</mark> যাবতীয় উদ্ভিদের নমুনা ও 'হারবেরিয়াম শীট'গুলোকে শ্রেণিবদ্ধ <mark>করে কাঠের ক্যাবিনেটে নাম লিখে সুন্দরভাবে বিন্যস্ত করে রাখতে দেখতাম তাঁকে। এর আগে আমাদের</mark> কলেজে বিজ্ঞান শাখায় জেনারেল সাবজেক্ট হিসাবে উদ্ভিদবিদ্যা পড়ানো হত। দীপকবাবু যোগ দেবার পর তাঁর নিষ্ঠা, পরিশ্রম ও সময়োচিত সিদ্ধান্তে উদ্ভিদবিদ্যা বিভাগ সাম্মানিক বা অনার্স বিভাগ হিসাবে স্বীকৃতি পায়।আমাদের দুটো বিভাগ পাশাপাশি থাকায় মাঝেমধ্যেই দেখতে পেতাম ক্লাসরুমে দীপকবাবু পড়াচ্ছেন, কিংবা নিজের বিভাগে কোনো-না-কোনো কাজে মগ্ন হয়ে আছেন। পড়ানোর ক্ষেত্রে তিনি ছিলেন অত্যন্ত যত্নশীল। নিজের বিষয়ের প্রতি গভীর অনুরাগ ও কঠোর পরিশ্রম তাঁকে একজন সুদক্ষ অধ্যাপক ও গবেষক হিসেবে গড়ে তুলেছিল। বিভাগের সম্প্রসারণের ক্ষেত্রেও তাঁর উদ্যোগ ও পরিশ্রম ছিল অক্লান্ত। ২০০২ সালে কলেজের প্রথম পোস্ট গ্র্যাজুয়েট বিভাগ হিসাবে 'এনভায়রনমেন্টাল সায়েন্স'-এর পথ চলা শুরু হয়। সেখানেও তিনি যুক্ত ছিলেন অধ্যাপক হিসেবে। তাঁরই উদ্যমে 'মাইক্রো-বায়োলজি' বিভাগও স্থাপিত হয় কলেজে। তাঁর উদ্যম, নিষ্ঠার বিষয়গুলো আমাকে সত্যিই আশ্চর্য করেছে বারেবারে। আমাদের বয়সের ব্যবধানও খুব বেশি না হওয়ায় হয়তো পরস্পরের প্রতি একধরনের শ্রদ্ধার বোধ, ভালোবাসার বোধ, সৌহার্দ্যের বোধ সহজেই গড়ে উঠেছিল।


অধ্যাপক দীপকবাবুর পরে এবার শিক্ষা–প্রশাসক দীপকবাবুর প্রসঙ্গে আসা যাক। অ্যাসোসিয়েট প্রফেসর পদে আসীন হওয়ার কিছু বছরের মধ্যেই তিনি কলেজের প্রশাসনিক ব্যবস্থার সঙ্গেও যুক্ত হয়ে পড়েন। তিনি



কলেজের বারসার পদে নিযুক্ত হন।২০০৯ সালে দীপকবাবু আশুতোষ কলেজের প্রিন্সিপাল পদে উত্তীর্ণ হন। তাঁরই সুযোগ্য নেতৃত্বে কলেজের সম্মান যুগপৎ বৃদ্ধি পায়।দীপকবাবুর সক্রিয় সহযোগিতায় ২০০৯ সালে ভূগোল ও প্রাণীবিদ্যা বিভাগে পোস্ট গ্র্যাজুয়েশন স্তরের পঠনপাঠনের সূচনা হয়। আমি সেই সময় বিভাগীয় প্রধান ছিলাম। তাঁর নেতৃত্বেই ২০১১ সালে কলেজে সুবিধার জন্য পাঁচ তলা অবধি লিফ্টের ব্যবস্থা হয়। একজন স্বপ্নদর্শী অধ্যক্ষ হিসেবে তিনি কলেজটাকে নিয়ে প্রতিনিয়ত স্বপ্ন দেখতেন। কোন বিষয়ে কাজ করলে কলেজের ভালো হয়, উন্নতি হয় — সেই বিষয়ে তিনি সর্বদাই চিন্তা করতেন। তাঁর এই সদ্যান্ধ্যানের সার্থক ফসল হল দক্ষিণ শহরতলীর 'ভাসা'য় আশুতোষ কলেজের দ্বিতীয় ক্যাম্পাসের পরিবর্ধন ও উন্নয়ন এবং ভবানীপুরের পূর্ণ সিনেমার মোডের কাছে কলেজের শতবার্ষিকী ভবনের প্রতিষ্ঠা।এই কলেজেই ছিল তাঁর ধ্যান-জ্ঞান-মন-প্রাণ।তাঁর দূরদর্শিতার কারণেই আমাদের কলেজ শিক্ষাক্ষেত্রে 'ন্যাক'-এর মতো সর্বভারতীয় সংস্থার মূল্যায়নে 'এ' গ্রেড প্রাপ্ত হয়, যা কলেজের শতাধিক বছরের ইতিহাসে এখনো পর্যন্ত উজ্জ্বলতম ঘটনা। অধ্যক্ষ-পদে দীপকবাবুর কর্মকাণ্ডে বিভিন্ন সময়ে আমিও যুক্ত থেকেছি, তাঁকে খুব ঘনিষ্ঠভাবে কাজ করতে দেখেছি, তাঁর থেকে শিখেছিও অনেক কিছু।কলেজে এসে কত দীর্ঘ সময় ধরে তিনি কাজ করতেন। অধ্যাপক-অধ্যাপিকা, অশিক্ষক কর্মচারী — সকলের সঙ্গেই তিনি সহযোগিতা করতেন, খোঁজ-খবর রাখতেন সকলের। এছাড়াও ছাত্রছাত্রীদের সঙ্গেও তাঁর যোগাযোগ থাকত। বাইরে থেকে কিছুটা রাশভারী হলেও দীপকবাব ছিলেন অত্যন্ত ছাত্রদরদী। দেখেছি ছাত্রছাত্রীদের যে-কোনো সমস্যায় তিনি কত আন্তরিকভাবে সহযোগিতা করতেন। অভাবী ছাত্রছাত্রীদের প্রতি তাঁর পূর্ণ সহানুভূতি ছিল। তাঁর সময়কালেই কলেজে ছাত্রছাত্রীদের সুবিধার্থে বিভিন্ন বৃত্তিমুখী পঠনপাঠনও শুরু হয়। এই ক্ষেত্রেও তাঁর সঙ্গে আমি যুক্ত থাকতে পেরেছি যে আমার সৌভাগ্য।

কলেজ পরিচালনার পাশাপাশি দীপকবাবু সামলেছেন পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যানের গুরুদায়িত্বও। রাজ্যের শিক্ষাক্ষেত্রের এই গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব তিনি সুষ্ঠুভাবে পালন করে চলেছেন এখনও। তাঁর কর্মময় জীবনের এও এক উজ্জ্বল অধ্যায়। এরপর তিনি যুক্ত হন কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (শিক্ষা) পদে। তখনও তিনি আশুতোষ কলেজের প্রিন্সিপাল পদে লিয়েনে থেকেও কলেজের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে পরামর্শ দিয়েছেন। সময়-সুবিধা মতো কলেজে এসেও বিভিন্ন বিষয়ে খোঁজ খবর নিয়েছেন। পরে তিনি পুরুলিয়া জেলার সিধো-কানু-বিরসা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে নিযুক্ত হন। কিন্তু এতকিছু গুরুদায়িত্ব পালন করলেও আশুতোষ কলেজের বিভিন্ন বিষয়ের প্রতি তিনি এখনও খেয়াল রাখেন সব সময়। আমাদের কোনো গুরুত্বপূর্ণ অনুষ্ঠান হলে হাজার কর্মব্যস্ততার মধ্যেও তিনি সময় বের করে উপস্থিত থাকার চেষ্টা করেন; যদিও করোনা মহামারীর পর অনলাইন মাধ্যমে এই বিষয়টি আরো সহজতর হয়েছে।


কলেজের কাজকর্মের বাইরেও দীপকবাবুর সঙ্গে দীর্ঘদিনের পরিচয়ে ব্যক্তিগতভাবে পারিবারিক পরিসরেও একটা যোগসূত্র তৈরি হয়েছে আমার। তাঁর অধ্যাপক–শিক্ষাপ্রশাসক ইত্যাদি পরিচয়ের ভিতরে লুকিয়ে থাকতে দেখেছি একজন পারিবারিক দায়িত্বশীল মানুষকে। কলেজের অধ্যক্ষ পদে লিয়েন নিয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহ–উপাচার্য পদে যোগ দেবার পর থেকে দীপকবাবুর সঙ্গে আগেকার সেই প্রতিদিনের



দেখা–সাক্ষাৎ কমতে থাকে, কমতে থাকে আগেকার সেই প্রাত্যহিক আলাপ–আলোচনা, হাসি–মজা। তারপর ২০২০ সালে করোনা মহামারীর ভয়াবহতার মধ্যে আমাদের আগের সেই যোগাযোগ এখন হয়তো অনেকটাই কমে গেছে। কিন্তু আমাদের মনের সেই পুরোনো বন্ধুতার টান এখনও অক্ষুণ্ণ আছে বলেই আমার বিশ্বাস।

ড. দীপককুমার কর — একজন বিশিষ্ট অধ্যাপক, শিক্ষাপ্রশাসক। তিনি আমার দীর্ঘদিনের সহকর্মী, আমার দীর্ঘদিনের বন্ধু। এই আশুতোষ কলেজ থেকেই আমি দেখেছি লেকচারার থেকে একটি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে তাঁর উত্তরণ, আমি দেখেছি তাঁর এই গৌরবময় কর্মজীবনের বিকাশ ও বিস্তার। এই কলেজে তাঁর সঙ্গেই আমার সব থেকে দীর্ঘসময়ের পরিচয়। আশুতোষ কলেজের একজন অধ্যাপক হিসেবে, এই কলেজের একজন প্রাক্তনী হিসেবে, একইসঙ্গে দীপকবাবুর সহকর্মী হিসেবে, তাঁর বন্ধু হিসেবে শিক্ষাক্ষেত্রে তাঁর এই অসাধারণ উত্তরণে আমি আন্তরিকভাবে আনন্দিত। কর্মক্ষেত্রে তিনি যেখানেই থাকবেন, সেখানেই তাঁর কর্মনিষ্ঠায়, আদর্শপরায়ণতায় তিনি দৃষ্টান্তস্বরূপ হয়ে উঠবেন একথা আমি নির্দ্বিধায় বলতে পারি। দীর্ঘদিনের সহকর্মী তথা বন্ধুর সার্বিক অগ্রগতি ও উন্নতি অব্যাহত থাকুক এবং তাঁর সুস্থ দীর্ঘ জীবন কামনা করি।

ড. সজল ভট্টাচাৰ্য্য সহযোগী অধ্যাপক, প্ৰাণীবিদ্যা বিভাগ



অধ্যাপক দীপক কুমার কর ঃ যেমন দেখেছি

মিএই কলেজে ১৯৯৫ সালে যোগদান করি। অধ্যাপক কর সেই সময় বোটানি বিভাগের অধ্যাপক ছিলেন।

সত্যি কথা বলতে কি ওনার সঙ্গে আমার পরিচয় হয় যোগদানের বেশ কিছুদিন পরে, যখন উনি তদানীন্তন অধ্যক্ষের নির্দেশে শিক্ষকদের প্রমোশনের কাগজপত্র তৈরিতে সক্রিয় ভাবে সাহায্য করতে শুরু করেন। ওনার কাজের প্রতি নিষ্ঠা এবং ছোটোখাটো বিষয়গুলিও অত্যন্ত যত্ন সহকারে খুঁটিয়ে দেখা আমাকে অবাক করে। আমি একজন সুভদ্র, সদালাপী, কর্মনিষ্ঠ অধ্যাপকের সঙ্গে পরিচিত হলাম। পরবর্তী সময় যখন উনি বারস্যার ও তারপরে কলেজের অধ্যক্ষ হিসাবে যোগদান করলেন তখন পরিচয় আরো দৃঢ় হল। ওনার মতো কাজ-পাগল মানুষ কমই আছে। আশুতোষ কলেজ ওনার কাছে প্রাণের থেকেও প্রিয়। ওনার ধ্যানজ্ঞান হল আশুতোষ কলেজকে শুধু পশ্চিমবঙ্গের মধ্যেই নয় সারা ভারতবর্ষের মধ্যে এক উন্নত, আধুনিক উচ্চমানের কলেজে রূপান্তরিত করা এবং ভবিষ্যতে আশুতোষ বিশ্ববিদ্যালয়ের আত্মপ্রকাশের পথ প্রশস্ত করা।

এই লক্ষ্যে ২০১৬ সালের NAAC- এর আগমনের পূর্বে ওনার অমানুষিক দিনরাত পরিশ্রম এবং কলেজের শিক্ষক, শিক্ষাকর্মী সবাইকে উদ্বুদ্ধ করে এই কাজে স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণ কবার ক্ষেত্রে উৎসাহিত করতে পারা আশুতোষ কলেজের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আর এই পরিশ্রমের ফল হল আমাদের NAAC- এর A Grade প্রাপ্তি।

ওনার আপাত কঠোর ভাবমূর্তির আড়ালে এক অসম্ভব সুন্দর নরম মন আছে যার পরিচয় বারবার আমি পেয়েছি। আমার ব্যক্তিগত সমস্যায় উনি হাত বাড়িয়ে দিয়েছেন বারবার এবং আমার সমস্যা যেন ওনার নিজের সমস্যা সেইরকম দৃষ্টিভঙ্গী নিয়ে সমাধান করতে উদ্যোগী হয়েছেন। ওনার সাহায্য, ওনার সঙ্গে কাজ করবার দিনগুলির স্মৃতি আমি সারাজীবন কৃতজ্ঞ চিত্তে মনে রাখব।

ওনার দীর্ঘ, নীরোগ ও কর্মময় জীবন কামনা করি।

ড. মনোরমা চ্যাটার্জী সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ




DK Sir - The mentor I found in my workplace

my 26 years of service in Asutosh College I have been privileged to work with three Principals and four Teachers-in-charge or TICs. Among them three were almost my father's age, hence a very respectful distance was maintained from my side. But I was lucky to have interacted and directly worked with the other four heads of the institution, Prof Dipak Kumar Kar being one of them. He was initially our colleague, then Bursar and finally our Principal.But in every designation DK sir (the name by which we all refer him till date) remained like a teacher to many of his juniors, including me.

I have had a long association with Sir, so it is difficult to choose from my interactions with him, both professional and personal. However, I am sharing few of those here :

In 2008, I was going through a personal crisis and needed to take leave from work often. DK Sir, then Bursar, sat with me and literally filled in my leave applications and taught me how to manage the leave calendar without exceeding the admissible quota. But the crisis continued. I needed more support from the institution regarding the HRA bill. Sir had become our Principal by then. He immediately instructed the Accounts Office to send him my form for authorization without any query. His support continued for next the two years to help me receive my HRA. My gratitude to him still remains for that.

The year 2011 marked the 150th birth anniversary of Rabindranath Tagore. Instead of the usual programmes of Rabindra Jayanti on Panchishe Baishakh, DK Sir wished to do something very special to commemorate the occasion. The outcome was the inauguration of the first Post-graduate course in Humanities in Asutosh College in the Department of Bengali, my department. What better way to remember the Poet on his 150th birthday than having the upgrading of your own department? It was a tough challenge for myself and Dr.Manas Kabi (my colleague in Department, now our Bursar) to complete all the formalities in a short span of time respectively in the department and in University of Calcutta. But the inauguration of the Post-Graduate course in Bengali in a packed Asutosh Memorial Hall by the-then Vice Chancellor of CU, Prof. Suranjan Das, erased the stress and strain we had endured. The Bengali Department remains indebted to DK Sir for this to this day.




Apart from personal and academic, there are two more important memories I would like to share:

2016 was the Centenary Year for our College. The closing ceremony was planned to be held in Nazrul Mancha, a huge auditorium in South Kolkata. Sir asked the Cultural Committee to prepare a special programme. Tagore's Chitrangada was planned with all four sectors of the college, namely, teaching staff, non teaching staff, students and ex-students, adding upto 36 participants. For the first time the entire audio script of any programme of the College was recorded in a studio with best musicians of the city, courtesy DK Sir's approval of quite a big sum of money from the Celebration Fund. Thus like a professional team, the totally amateur Cultural Unit of the College staged the show on the 100th Foundation Day (17th July, 2016) which received a standing ovation led by Sir. That moment still remains etched as one of the fondest memories of everyone who had been associated with the show, including myself. Thank you Sir for giving us that golden moment.

From 2009 onwards Sir had been guiding informally a team of juniors to help them learn administrative nuances, management skills and utilization of human resources properly. I was fortunate to be a part of that team. Whatever I learnt from him came to proper implementation, when he gave me the charge of "Project Centenary Building", which today houses our Post Graduate office and runs all PG related work. From a dilapidated building the Centenary Building emerged as a state-of-the-art building literally in front my eyes. In this span DK Sir deputed me to conduct Tender meetings, Architect & Builder meets, handle Finance management, the kind of work which I never believed I could do. But Sir believed in and trusted me fully.

During the Puja holiday of 2016, when we were all engrossed in preparation for NAAC visit, I got a surprise. Sir had left an envelope for me in the the Confidential Section of the Centenary Building, where he had appointed me as the Examinations- in-charge of Post Graduate Studies of Asutosh College. His confidence in me in this administrative work made the Confidential Section an office where I worked along with usual teaching for the next 5 years till I left in 2021. The CB project, my 5years' stint in Post Graduate Office and the Centenary Building remain as a fond memory where I could implement my moderate knowledge of management, learnt from none other than DK Sir. I still do human resource management outside College in my other honorary work areas, with the combined knowledge I received at home(from my father) and



from Sir in College and the confidence instilled in me from managing the PG Office.


There are many more associations with Sir, a few of which were not so pleasant. But I do remember one incident, which he cared to amend with a very nice gesture from his highest chair of the head of the institution. This is not very common in administration and therefore shows the person beneath the professional garb.

Sir's enthusiasm, sincerity in work, faith in the people whom he entrusts a job with, continuous encouragement, providing necessary support, generous appreciation when a job done well and his ability of multitasking can really be the model of an administrator whom employees can look up to. We were lucky that we had DK Sir as our head & mentor.

I wish Sir an active and healthy life ahead.

Regards.

Dr. Chandramalli Sengupta Associate Professor, Department of Bengali



আশুতোষ কলেজ ও অধ্যক্ষ দীপক কুমার কর


ক্ষাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায় এমনই দুর্লভ এক মনীষী যিনি আমাদের শিক্ষাজীবন তথা সমাজ জীবনে তমসার অবসান ঘটিয়ে চেতনার দীপ জ্বালাতে উদ্বুদ্ধ হয়েছিলেন, নানা ক্ষেত্রে তাঁর বিপুল কর্মকাণ্ডের মধ্যে দিয়ে। তাঁর নামান্ধিত আশুতোষ কলেজ শতবর্ষ ধরে অনেক অপ্রণী অধ্যাপক ও অধ্যক্ষকে পেয়েছে যারা এই কলেজের গৌরব বৃদ্ধি করেছেন।

কিন্তু অনেক সময় এমন হয় যখন একজন ব্যক্তি ও সমগ্র অগ্রগণ্য একটি প্রতিষ্ঠান পরস্পরের নামের দ্যোতক হয়ে ওঠে, অন্তত বেশ কিছু বছরের সীমাকাল ধরে। ড. দীপক কুমার কর আশুতোষ কলেজের অধ্যাপক, বার্সার ও শেষে অধ্যক্ষের পদে যোগদান করে কলেজকে যে এক সুউচ্চ পর্যায়ে নিয়ে গিয়েছিলেন সফলতম মহিমায় – তা তাঁর কর্মানুরাগী সকলেই এক বাক্যে স্বীকার করেন।

"শিক্ষার উদ্দেশ্য আত্ম বিকাশ লাভ করা হৃদয়ের মার্জনা করা/দর্পণের ন্যায় বিশ্বের প্রতিবিম্ব প্রহণে হৃদয়কে সমর্থ করা" – এই কথাগুলির বক্তা আর কেউ নন, বাংলার বাঘ স্যার আশুতোষ মুখোপাধ্যায়। আশুতোষ মুখোপাধ্যায়ের এই অমূল্য উক্তিকে বাস্তব রূপ দিতে গেলে প্রয়োজন এক শিক্ষাব্রতী প্রশাসকের যিনি তাঁর সাহসী পদক্ষেপে সমস্ত প্রতিবন্ধকতা কাটিয়ে ছাত্র–অধ্যাপকদের একসাথে এগিয়ে দিতে পারবেন। ড. কর হলেন সেই শিক্ষানুরাগী মেধাবী মনন শক্তি যিনি কলেজের চালিকাশক্তি হিসেবে কাজ করে মাত্র এক দশকেই এই প্রতিষ্ঠানকে উন্নতির শিখরে নিয়ে যেতে পেরেছেন।

কিন্তু কী সেই চরিত্রগুণ যার শক্তিতে ড. কর সাফল্যের এমন এক ইতিহাস রচনা করতে পারলেন? তাঁর স্বভাবে দেখেছি এক দুর্দম মনের শক্তি, স্বীয়সিদ্ধিতে অগ্নিময় আত্মবিশ্বাস, অফুরন্ত উৎসাহ, অক্লান্ত শ্রম ও সজাগ কর্মবৃদ্ধি, দক্ষ প্রশাসক আর অসাধারণ কর্মদক্ষতা। সর্বোপরি আশুতোষ কলেজের অধ্যক্ষ হিসাবে তথা পরবর্তীকালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য (শিক্ষা) হিসাবে শতাব্দীপ্রাচীন এই দুই শিক্ষাঙ্গনকে জাতীয় তথা বিশ্বের দরবারে উচ্চমানের সার্থক শিক্ষা ও গবেষণা কেন্দ্র রূপে আরোও অনেক দূর এগিয়ে নিয়ে যাবার এক পথিকৃৎ তিনি।

হাসিমুখে শক্ত হাতে অধ্যক্ষ হিসাবে তিনি কলেজের হাল ধরেছেন। দৈনন্দিন কাজের মধ্য দিয়ে একাধারে তাঁর ছাত্রদরদী মনের পরিচয় যেমন দেখতে পাওয়া যায় তেমনি অন্যদিকে অধ্যাপক তথা শিক্ষা কর্মীদের প্রতি প্রীতিপূর্ণ ব্যবহার – অন্যকে আপন করে নেওয়ার মন্ত্রে যে তিনি দীক্ষিত – তা মনে করিয়ে দেয়। অনেক সময় ছোটখাটো কাজও তাঁর নজর এড়িয়ে যেত না । কাকে দিয়ে কোন কাজটা ভালোভাবে হবে-এ যেন থাকতো তাঁর নখদর্পণে। সেই অনুযায়ী বিভিন্ন সময় বিভিন্ন জনের ডাক পড়তো অধ্যক্ষের ঘরে। তিনি কাউকে কোন কাজ দিয়ে বলতেন, ধরে নিন এই ব্যাপারে আপনি হলেন প্রিন্সিপাল, অর্থাৎ কলেজের অধ্যক্ষ যে দায়িত্ব নিয়ে সব কাজ সামলান। তিনি চান কোন বিশেষ কাজে দায়িত্বপ্রাপ্ত কোন অধ্যাপক বা শিক্ষাকর্মী তাঁর নিজের কাজে ততটাই মনোযোগী হয়ে উঠুন। কখনো বা সহকর্মীদের প্রতিকূল মনোভাব বুঝে নিয়ে চট্ করে বলে উঠতেন, যা করলে কাজটা হবে তাই করুন, কাজটা হওয়া চাই মুহূর্তে বোঝা যেত প্রতিকূলতাকে যেমনভাবে হোক অতিক্রম করে 'কাজটা' সফলভাবে করতে পারাটাই কাজ। এ যেন জাদুকরের জাদুদণ্ডের ছোঁয়া পেয়ে তমসার অন্ধকার পেরিয়ে 'হঠাৎ আলোর ঝলকানি' চোখে পড়া। আমাদের অধ্যক্ষের অনেক গুণ– প্রায় কাহিনি বলা যায়; কিন্তু এই ক্ষুদ্র পরিসরে মাত্র একটি পরিচয়ে, তাঁর গুণপ্রাহী মনের পরিচয় তুলে ধরার চেষ্টা করা যাক।



প্রায় দু' দশক তাঁর সাহচর্য পেয়ে মুগ্ধ হয়েছি নানা কারণে। কিন্তু তাঁর গুণগ্রাহী মনের পরিচয় দেখে তিনি যে মানুষ হিসেবেও কত বড় তা ভাবতে অবাক লাগে। তখন সবে সিবিসিএস পাঠক্রম শুরু হতে যাচ্ছে। দায়িত্ব পড়ল ওই ব্যাপারে কলেজে একটি সেমিনার আয়োজন করার। বক্তারা সবাই বিদগ্ধ উপাচার্য, বিভিন্ন নামজাদা বিশ্ববিদ্যালয়ের। খুব কাছ থেকে উৎসাহ ও সাহায্য পেয়ে কঠিন কাজও কখন সহজ হয়ে গেছে। এমনকি উপাচার্যদের আমন্ত্রণ জানিয়ে লেখা চিঠি তাঁর ভালো লেগে গেছে- সামান্য এই কাজেও প্রশংসা জানাতে মুহূর্ত মাত্র দেরি করেননি।


একবার সিবিসিএস পাঠক্রম কী ও কেন – এই ব্যাপারে সবাইকে অবহিত করবার জন্য এক বক্তৃতা দেওয়ার ডাক দিলেন উনি। সাধ্যমত পড়াশোনা করে এসে বলা শেষ করা মাত্র পুরস্কার ওনার সপ্রশংস উক্তি, 'আপনি তো দারুণ বলতে পারেন!' কখনো বা কাজে দেরি করে ফেললে ওনার মৃদু তিরস্কার, 'কাল কেন? আজই কাজটা করে ফেলুন।' এই পুরস্কার ও তিরস্কার আমাদের প্রাণিত করেছে নিজেদের গুণ ও দোষ চিনে নিয়ে কলেজের কাজে আত্মনিয়োগ করতে।

কারোর গবেষণা করার জন্য ছুটির প্রয়োজন হলে, ভালো জায়গায় প্রবন্ধ প্রকাশিত হলে, গবেষণাধর্মী কোন কাজে যুক্ত হতে গেলে কিংবা শিক্ষা সংস্কৃতি সম্বন্ধীয় অন্য কোনো কৃতিত্ব কেউ অর্জন করলে তাঁর ঔৎসুক্য ও প্রশংসা তাঁর শিক্ষানুরাগী মনের স্বাক্ষর বহন করে। এই সমস্ত ক্ষেত্রে সর্বদাই তাঁর সাহায্য ও সহযোগিতা স্বাইকে আরো এগিয়ে যেতে সাহায্য করেছে। এ যেন মনে করিয়ে দেয় কলিকাতা বিশ্ববিদ্যালযের সমাবর্তন ভাষণে স্বয়ং স্যার আশুতোষ এর উক্তি: "Every professor must be a student and every advanced student must be animated by a higher ideal than me absorption of knowledge."

কলেজের বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা – তা ভাসায় দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন করাই হোক কিংবা RUSA-র অর্থানুকূল্যে প্রধান প্রাঙ্গণের সূচারু কার্যক্রমই হোক কিংবা বিভিন্ন বিভাগে স্নাতকোত্তর কোর্স চালু করাই হোক কলেজ পেয়েছে ড. করের সুযোগ্য নেতৃত্ব ও তাঁর অবধারিত পরিণতি – চূড়ান্ত সাফল্য। কলেজের কনিষ্ঠ বা বরিষ্ঠ যে কোন অধ্যাপক বা ছাত্র–ছাত্রীর কাছে তাদের শিক্ষাঙ্গনটিকে গর্বের বস্তু বলে পরিগণিত করা সহজ কাজ নয়। ড. করের মৌলিক অবদান এখানেই যে তাঁর কর্মোদ্দীপনা তিনি ছড়িয়ে দিতে পেরেছিলেন সবার মধ্যে। কলেজ আর তখন শুধু কলেজ – কর্মস্থল বা শিক্ষাস্থল থাকেনি, হয়ে গেছে আশুতোষ কলেজ পরিবার। আর কে না জানে পরিবারের প্রতি মানুষের ভালোবাসা আর দায়বদ্ধতা আসে সবার আগে।

আশুতোষ কলেজ যে তাঁর মনের মনিকোঠায় এক আশ্চর্য স্থান দখল করে আছে একথা অধ্যক্ষ হিসেবে, পরবর্তীকালে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য, এমনকি উপাচার্য পদ যখন তিনি অলংকৃত করেছেন তখনও বারবার উচ্চারণ করেছেন। বৃহত্তর দায়িত্ব নিয়ে অন্যত্র চলে যাবার পরেও ভোলেননি আশুতোষ কলেজের প্রতি তাঁর দায়বদ্ধতা। কলেজের যেকোনো প্রয়োজনে তিনি সর্বদা থেকেছেন অভিভাবকের মতো। শিক্ষাঙ্গনের উন্নতিকল্পে তাঁর অসামান্য আত্মনিয়োগ আশুতোষ কলেজ পরিবার শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে।

ড. শাশ্বতী দে মন্ডল সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ



দীপকবাবু আমার স্যার

DK স্যার এর রিটায়ারমেন্ট উপলক্ষ্যে আশুতোষ কলেজ প্রকাশনা বিভাগ যে বইটি প্রকাশ করতে চলেছে, সেই বইয়ের জন্য আমাকে লেখা দিতে বলা হয়েছে। তার কারণ, স্যার (দীপকবাবু)-কে প্রথমে সহকর্মী (১৯৯৯ - ২০০৯), তারপর অধ্যক্ষ (২০০৯ -) হিসাবে আমি খুব কাছ থেকে দেখেছি। সমস্যা হলো যে মানুষটি বোটানির শিক্ষক হিসাবে কলকাতার এবং পশ্চিমবঙ্গের অন্যতম সেরা শিক্ষক , অধ্যক্ষ হিসাবে রাজ্যের সব অধ্যক্ষদের মধ্যে অগ্রগণ্য , কলেজ সার্ভিস কমিশন এর সফল চেয়ারম্যান, তাঁর ব্যাপারে কিছু লেখার মতো সাহস বা ধৃষ্টতা আমার নেই।

আমার কাছে স্যার একাধারে শিক্ষক, মেন্টর, স্নেহপ্রবণ দাদা আর অভিভাবক। প্রথম দিনের সাক্ষাৎ থেকে আজ অবধি উনি সবসময় সাথে ছিলেন আর ভবিষ্যতেও থাকবেন। স্যারকে আমি খুব কাছ থেকে দেখেছি, অনেকসময় একসাথে কাটিয়েছি, সফল শিক্ষক ও প্রশাসকের বাইরে মানুষ হিসাবে স্যারকে যেমন যেভাবে দেখেছি,সেরকম কিছু কথা বলব।


প্রথম পর্ব (১৯৯৯- ২০০৯)

স্যারের সঙ্গে আমার প্রথম পরিচয়, আশুতোষ কলেজে চাকরিতে জয়েন করার প্রথম দিন-১৬ অগাস্ট ১৯৯৯। সেই সময় কলেজ সার্ভিস কমিশনে যারা চাকরি পেতো তাদের পছন্দের কলেজ বেছে নেয়ার কোনো সুযোগ থাকতো না। কিন্তু বোটানির প্যানেলে প্রথম হওয়ার সুবাদে আমাকে বিদ্যাসাগর কলেজ ফর ওমেন অথবা আশুতোষ কলেজের মধ্যে যেকোনো একটিকে বাছার সুযোগ দেওয়া হয়েছিল। মেট্রো রেলের সুবিধা পাওয়া যাবে বলে আমি আশুতোষ কলেজে যোগ দেব ঠিক করি।

আমার অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পাওয়ার দুই দিনের মাথায় আমার বাবার ঘনিষ্ঠ বন্ধু স্থপনকাকুর (অধ্যাপক স্থপন দাস) সঙ্গে দেখা করে বোটানি ডিপার্টমেন্টের ব্যাপারে খোঁজখবর নিতে আর কলেজটা কীরকম দেখার ইচ্ছা নিয়ে ওই দিন আমার কলেজে আসা। ইচ্ছা ছিল ক'দিন পর ধীরে সুস্থে জয়েনও করবো, সবে চাকরি পেলাম এত তাড়া কিসের?

দুর্ভাগ্যবশতঃ সেদিন স্থপনকাকু আসেন নি। ডিপার্টমেন্টে ঢুকে দেখি সারি সারি আলমারি বিভিন্ন অ্যাঙ্গেলে বসানো আর তার ফাঁকে ফাঁকে সরু চলার পথ। সেই পথের শেষে আমাদের এখন যে স্টাফরুম সেখানে পৌঁছে দেখি একজন মধ্যবয়ক্ষ মানুষ মাঝের চেয়ারে বসে কীসব লিখছেন। আমার পরিচয় দিলে উনি "এই তো এসে গেছে" বলে প্রায় লাফিয়ে চেয়ারে থেকে উঠে পড়লেন (আজ অবধি আমি বুঝতে পারিনি কাকে বললেন কারণ উনি আর আমি ছাড়া ওই তল্লাটে কেউ ছিলেন না)। আমাকে একটা ফুলঙ্কেপ কাগজ দেয়া হলো, জয়নিং লেটার লেখানো হলো এবং তৎকালীন ভাইস প্রিন্সিপাল অমৃতাভবাবুর কাছে গিয়ে জয়েনও করিয়ে ক্লাস ইলেভেনের ক্লাসে ঢুকিয়ে দেওয়া হলো। এর মাঝে বার চারেক আমি মিন মিন করে বলার চেষ্টা করেছি যে "স্যার আজ আমি কলেজ দেখতে এসেছি, জয়েন করতে না", তার জবাবে চারটে উত্তর প্রেয়ছিলাম।

- "আগে জয়েন করলে সিনিয়রিটি থাকে।"
- "কাল নিয়ম পাল্টে যেতে পারে।"



- "দুই দিন পরে জয়েন করলে ২ দিনের বেতন কম পাবে। তোমরা আজকালকার ছেলেমেয়েরা
 পয়সার মৃল্য বোঝো না।"
- "১২ টার আগে আসা উচিত ছিল। হাফ বেলার বেতন কম পেলে নিজের বোকামির জন্য। (তখন জানতাম না স্যালারিতেও প্রি-লাঞ্চ আর পোস্ট-লাঞ্চ আছে)।"

সেই ১৯৯৯ সালে স্যার ছাড়া ডিপার্টমেন্টে ছিলেন নির্মল কুমার স্যার,পবিত্রানন্দ গাঙ্গুলি স্যার, অমিতাভদা তখন গেস্ট লেকচারার ছিলেন। আর ছিলেন ভরতবাবু, জিলাঙ্গীদা (আমাদের নরেন্দ্র যাদবের বাবা) প্রহ্লাদ আর বাসুদা। নির্মলকুমার স্যার যেমন রাশভারি তেমন স্নেহপ্রবণ, পবিত্রবাবু খুব নরমভাষী এবং গম্ভীর। ওনাদের দুজনেরই রিটায়ারমেন্টের আর দুই বছর বাকি। তবু ক্লাস আর পড়ানো নিয়ে চিন্তার শেষ নেই। আর এদের সবার মধ্যে দীপক স্যার (আমি DK স্যার বলতাম তখন) সবচেয়ে বেশি active।

আমার পড়ানো শুরু

Joining তো হলো, এবার পড়ানো, syllabus allotment- এর পালা। আমাকে যে অংশটা পড়াতে দেওয়া হলো সেটা আমার ছাত্রজীবনে সবচেয়ে ফাঁকি মেরে, বাদ দিয়ে দিয়ে পড়া অংশ (Plant Taxonomy)। আমি স্যারকে বলাতে স্যার বললেন, "কিছু চিন্তা করো না আমি সব দিয়ে দেব"। সত্যি সত্যি পরের দিন উনি ওই অংশের সব নোটের আর বইয়ের অংশ এনে আমাকে দিলেন, শুধু তাই নয় কোনটা কী ভাবে পড়ালে ঠিক হবে সেটাও বললেন। তার সঙ্গে পেলাম ওই বিষয়ের Question ব্যাঙ্ক আর ইউনিভার্সিটির আগের ১০ বছরের প্রশ্ন। শুধু একদিন না, প্রায় রোজই আমি ওনাকে কোনটা কীভাবে এবং কোথা থেকে পড়াবো সেটা বলে তবেই ক্লাসে যেতাম। প্রথম দুই বছর এভাবেই চললো। তারপর ২০০১– এ সোমাদি জয়েন করতে আমি এই plant taxonomy পড়ানোর গুরুদায়িত্ব ওনার কাঁধে দিয়ে ছটি পেলাম।

তারপর থেকে আমি যে যে বিষয় পড়িয়েছি সবই স্যারকে এবং সোমাদি আসার পর সোমাদির সঙ্গে আলোচনা করেই পড়িয়েছি। একই ভাবে স্যার বা সোমাদিও যখন কোনো নতুন বিষয় পড়িয়েছেন আমরা নিজেরা আলোচনা করে কোন বইতে কোনটা ভালো আছে দেখে নিয়ে পড়িয়ে এসেছি।


স্যারের নোট/স্টাডি মেটেরিয়াল এর একটা মজার জিনিস হলো লেখাটা পাতার নীচ অবধি নেমে পরের পাতায় না গিয়ে প্রথমে ডানদিক এর ফাঁকা অংশ দিয়ে উপর দিকে উঠতো, তারপর ১৮০ ডিগ্রী ঘুরে উপর হয়ে বাঁদিকের মার্জিন দিয়ে নামতো। পাতায় এমন ৩৬০ ডিগ্রি ঘুরিয়ে লেখা আগে দেখিনি।

স্যারের সাথে LONG FIELD EXCURSION

স্যারের সাথে আমার লং ফিল্ড এক্সকারশন (মানে যেটা কলকাতার বাইরে কয়েক দিনের) সবমিলিয়ে চারটে।প্রত্যেকটা আলাদা আলাদা ভাবে রোমাঞ্চকর।এমন এমন ঘটনা যেগুলো সারাজীবনে ভোলার না।

প্রথম এক্সকারশন - দার্জিলিং

খুব সম্ভব ২০০১-এ স্যার আর আমি এক্সকারশন গেছিলাম দার্জিলিং। সাথে প্রহ্লাদদা। ট্রেনে উঠেই একে একে ছাত্রদের ডাক পড়লো (সেই সময় কলেজের সায়েন্সে শুধু ছেলেরা পড়তো)। বিষয় ধরে ধরে কী কী প্রশ্ন আসতে পারে ও তার উত্তর আলোচনা হতো। সিলেবাসে কী কী বিষয়ে কোথায় অসুবিধা, সেই বিষয়



গুলো ধরে ধরে বুঝিয়ে দেওয়া।এটা চললো ডিনার অবধি।আমি ভালো ছেলের মতো স্যারের পাশে বসে মাথা নেড়ে গেলাম, যদিও ছাত্রদের মতোই আমারও "ছেড়ে দে মা" অবস্থা।

পরেরদিন ট্রেন থেকে নেমে বাসে ক'রে দার্জিলিং যাওয়ার পথে আরেক ঘটনা। স্যার দুমদাম বাস দাঁড় করিয়ে "ওই যে Equisetum, ওই যে Selaginella" বলে হুড়মুড় করে পাহাড়ের গা বেয়ে উপরে উঠে পড়ছেন আর আমি স্যারের পেছন পেছন উঠতে গিয়ে উল্টে পড়ছি। সে এক হৈহৈ ব্যাপার। চার ঘন্টার যাত্রাপথ ছয় ঘন্টায় শেষ হলো।লাঞ্চ খেলাম ৪ টার সময়। সেই খাবার ব্যাপারেও স্যার সব ছাত্রদের খাওয়া তদারিক করবেন, খাবেন সবার শেষে। আমি ততদিনে স্যাকে চিনে গেছি, তাই খাবার Taste করার বাহানায় সবার থেকে একটু একটু খেয়ে খিদে মেটাচ্ছি। স্যার আর আমি খেলাম সবার শেষে।

পরের দিন সকালে আরেক বিপত্তি। চোখ খুলে দেখি স্যারের চান হয়ে গেছে, ভালো কথা, কিন্তু উনি ভালোবেসে আমার জন্য গরম জল ভরে রেখেছেন চানের জন্য। আমি খুব শীতকাতুরে, এবং আমার পুরো ট্যুরে একদিনও চান করার একটুও ইচ্ছা ছিলনা, কে শোনে কার কথা। স্যার শুরু করলেন স্মানের উপকারিতা, আলোচনা চললো, এদিকে এর মধ্যে গরম জল ঠান্ডা হয়ে গেছে, সেই জলে কোনোক্রমে চান করে তবেই ছাড়া পাওয়া গেল।


ফিল্ডে স্যারের জুনিয়রদের কাজ শেখানোর পদ্ধতি শেখার মতো। প্রথম দেড় দিন স্যার পুরো ফিল্ডটা নিজে করালেন, ছেলেদের নিজের হাতে ধরে সব দেখালেন, পরের দেড় দিন আমাকে দিয়ে ফিল্ড করালেন, আমার যেখানে ভূল হলো উনি এসে শুধরে দিলেন।

সেই ফিল্ডে আরেক বিপত্তি হলো শেষ দিনে। সেদিন কাজ তাড়াতাড়ি শেষ করে ম্যালে যাবো ঠিক করা আছে, স্যার বললেন, "চলো প্রিন্সিপাল স্যারের জন্য চা পাতা কিনি, তার পর যাবো"। আমি ভাবলাম চা পাতা কিনতে আর কত সময় লাগবে। স্যারের চা পাতা কেনা যে এত রোমহর্ষক হতে পারে কে জানতো।

আমরা লাইফসায়েন্সে কোনো এক্সপেরিমেন্ট করলে সেই এক্সপেরিমেন্ট করার পদ্ধতিকে প্রোটোকল বলি। স্যারের ভাষায় চা পাতা কেনার প্রোটোকলটা এরকম: "loose চা পাতা হাতে নাও, হাত দুটো জোড়া করে ফুঁ দাও, তোমার ফুঁ এর গরমে এ চা পাতা থেকে যে চা এর গন্ধটা আসবে তা হাতটা শুঁকে বুঝতে পারবে, আর সব চেয়ে ভালো গন্ধের চা পাতা কেনা হবে"। এবার শয়ে শয়ে চা পাতার বয়াম। নিচ্ছি, ফুঁ দিচ্ছি, গন্ধ শুঁকছি, আবার পরেরটা। প্রথমে ২০, তার থেকে বেছে ৫, তার থেকে শেষে ২ – finally সেরা চা। ইতিমধ্যে আমার গাল ফুঁ দিতে দিতে ব্যথা, নাক বন্ধ, সূর্য ডুবে গেছে, কাঞ্চনজঙ্ঘা মেঘে ঢেকে গেছে। স্যার দোকান থেকে বেরিয়ে শান্ত গলায় বললেন, "অনেক দেরি হয়ে গেল তাই না? কাঞ্চনজঙ্ঘা দেখা যাবে না আর তাই না? আমি আরো শান্ত হয়ে বললাম, "স্যার প্রহ্লাদদার থেকে বড় টেটটা নিয়ে আসি? টর্চ জ্বালিয়ে কাঞ্চনজঙ্ঘা দেখবো না হয়।"

দ্বিতীয় এক্সকারশন - গ্যাংটক

ইতিমধ্যে ১৯৯৯ এবং ২০০০– এ নির্মল কুমার স্যার আর পবিত্র স্যার retire করেছেন, সোমাদি আর JG স্যার join করেছেন, ২০০২ সাল থেকে আমাদের কলেজের সায়েন্স ডিপার্টমেন্টে মেয়েরাও ভর্তি হচ্ছে



(এর জন্য স্যারকে আর আমাকে আমাদের কলেজের কিছু সিনিয়র অধ্যাপকদের সঙ্গে জোর ঝগড়াও করতে হয়েছে)।

এবার ২০০৩ সালে স্যার আর আমি আমাদের প্রথম কো-এড ব্যাচকে নিয়ে চললাম গ্যাংটক। স্যার মাঝে যাবেন না যাবেন না করেছিলেন কিন্তু আমি প্রায় জোর করে স্যারকে নিয়ে গেছিলাম। সেই ব্যাচের দীপশ্রী, সাকরী, বোধিসত্ত্ব, প্রিয়াঙ্কা, ওঙ্কার, সায়ন্তি, নিরুন, বিশ্বজিৎ...... ওদের সাথে এখনো যোগাযোগ আছে, এবং এখনো ওরা স্যারের সাথে সেই এক্সকারশনকে মনে করে আনন্দ পায়।


এই সময় থেকেই স্যার পিঠের ব্যথায় খুব কন্ট পাচ্ছিলেন এবং আমাকে বলেছিলেন, "আমাকে একদম, পাহাড়ে উঠতে দেবে না" (যেন আমি বললে উনি শুনবেন, যাইহোক), যথারীতি আবার পাহাড় আবার "ওই যে Equisetum,ওই যে Selaginella" আর আবার স্যার পাহাড়ের গা বেয়ে উপরে। ইতিমধ্যে আমিও একটু আধটু পাহাড়ের গা বেয়ে চড়তে শিখেছি, স্যারকে যত বলি, "আমি যাচ্ছি গাছ নিয়ে আসছি আপনি দাঁড়ান," কে শোনে কার কথা। স্যার হুড়মুড় করে সবার আগে ওপরে উঠে গাছ তুলে "এই নাও Equisetum" বলে শিশুর মতো আনন্দ পেতেন।

এই এক্সকারশনও ঘটনাবহুল (স্যার সাথে গেলে সব সময়ই কিছু না কিছু ঘটতো)। প্রথম ঘটনা বাসে। প্রায় সব কজন ছাত্রীই বাসে বমি করতে করতে গেল, এবার স্যারের চিন্তা এরা খাবে কী। 'আনো কমপ্লান'। এলো। স্যার নিজে গ্লাসে গুলে সেটা খাওয়াবেন। এদিকে সবাই স্যারকে খুব ভয় পায়, তার উপর আগের দিন ট্রেনে ঠিক মতো পড়া বলতে না পেরে অনেকেই বকুনি খেয়েছে। গ্লাস হাতে নিয়ে খাবে কী, ঠকঠক করে ভয়ে কাঁপছে। এই সেদিনও সেই ব্যাচের সেই দুজন কমপ্লান গার্লের সাথে কথা হলো (তারা এখন ছেলে মেয়েদের মা, তবু তারা এখনো সেই কমপ্লান এপিসোড ভোলে নি)।

দ্বিতীয় ঘটনা গ্যাংটকে। রুমটেকে মনাস্ট্রি দেখে ফেরা হয়েছে। গ্যাংটকে এসে গেছি। আটটা মারুতি ভ্যান প্রত্যেকটিতে পাঁচ জন করে। স্যারের হঠাৎ ইচ্ছা হলো, পাহাড়ি রাস্তায় গাড়ি চালাবেন। (স্যারের গাড়ি চালানার হাত বেশ ভালো, সেটা আমি জানতাম স্যারের গাড়ি চড়ার সুবাদে, কিন্তু স্টুডেন্টদের স্বাভাবিক ভাবেই সেটা জানার কথা না)। স্টুডেন্টরা সবাই টেনশনে স্যার কাদের গাড়িটা চালাবেন। উপায় বাতলে দিলো নিক্কন আর বোধিসত্ত্ব (দুজনেই দারুন বিচ্ছু), "যে গাড়িতে সবচেয়ে শান্ত চারটে মেয়ে বসেছে স্যার কে ওটা দিন চালাতে"। স্যার ড্রাইভারের সিটে। পেছনে চার জন মুখ শুকিয়ে বসে। স্যার গাড়ি নিয়ে চলে গেলেন, বাকিরা বললো "স্যার চলুন কলকাতা ফিরে যাই, এরা bye bye হয়ে গেল"। স্যার ঠিকঠাক ফিরে এলেন, আর রাত্রে ওই চার জন এসে আমাকে যা বকলো। "স্যার সবাই আমাদের ভালোমানুষ পেয়ে গাড়িতে তুলে দিলো গিনিপিগের মতো, আপনি কিছু বললেন না ওদের"।

তৃতীয় এক্সকারশন- সিমলা, কুল্লু, মানালি

২০০৬- এ সিমলা কুল্পু মানালি। এবার সোমাদি, স্যার আর আমি। অনেক দিনের ট্যুর ছিল। কিন্তু ওয়েস্টার্ন হিমালয় খুব শুকনো তাই স্যারের একদমই মনোমতো হয়নি। এবার ট্রেন জার্নি দুই রাতের। স্যার দুই রাতের পুরো সিলেবাস পড়িয়ে দিয়েছিলেন। মনিকরণে স্যারের হট স্প্রিং-এ নামার খুব ইচ্ছা ছিল, আমাদের বাধাতে পারেন নি।



চতুর্থ এক্সকারশন- পেলিং

সব শেষ ট্যুর স্যারের সাথে পেলিঙ। এবারও স্যার , সোমাদি,আমি। সোমাদি থাকাতে আমার সুবিধা হলো সোমাদিও ফিল্ডটা খুব ভালো করেন ও করান, আমার তাই চাপ কম। আমি আর সোমাদি পালা করে স্যারকে হেল্প করি।

বিপত্তি হলো দ্বিতীয় দিন সকালে। সুন্দর sunrise দেখে বেরোবার জন্য তৈরি, আমার চান (!) হয়ে গেছে (ততদিনে জেনে গেছি স্যারের সাথে গেলে মিছিমিছি হলেও চান করতেই হবে তাই আমি চান টান করে রেডি) স্যার চান করতে গেছেন, হঠাৎ স্যার চিৎকার করে উঠলেন - ''গরম জল নেই কেন ?'' ঘটনাটা এরকম পেলিং এ পাওয়ার প্রব্লেম, গিজার চলে না অর্ধেক সময় (মিড্ রেঞ্জের হোটেলে যেখানে আমরা ছিলাম) তাই গরম জলের অভাব। কিন্তু স্যারকে বোঝাবে কে? "ডাকো ট্যুর ম্যানেজার কে, ডাকো হোটেলের ম্যানেজার কে"। গিজার নেই তো কি উনুন তো আছে, বসাও জল, গরম করো। এবার চলো গরম জলের ডেকচি নিয়ে ঘরে ঘরে, বালতি দাও, গরম জল নাও, চান করো। সামনে স্যার, তার পেছনে ডেকচি নিয়ে হোটেলের দুই জন, তার পেছনে ট্যুর ম্যানেজার, মিছিলের সব শেষে আমি। ঘরে ঘরে গিয়ে সবাইকে বালতি করে গরম জল দিয়ে চান করতে পাঠিয়ে স্যারের ''চান অভিযান'' শেষ হল।


দ্বিতীয় পর্ব ২০০৯ থেকে ২০১৭

২০০৯ সালে স্যার আশুতোষ কলেজের অধ্যক্ষ পদে যোগ দেন। এতদিন পর্যন্ত তিনি যেভাবে সবাইকে নিয়ে বোটানি ডিপার্টমেন্টের প্রভূত উন্নতি সাধন করেছিলেন, অধ্যক্ষ হিসাবে যোগদান করার পর সেই ভাবেই কলেজকে এগিয়ে নিয়ে যান। এই বিষয়ে আমার বাকি সহকর্মীরা নিশ্চই তাদের লেখায় আলোচনা করবে, তাই এই বিষয়েটি আমি অল্প করে বলছি।

অধ্যক্ষ হিসাবে মেয়াদকালে ওনার তত্ত্বাবধানে ভাসা ক্যাম্পাসে ছেলেদের আর মেয়েদের দুটি হোস্টেলের, পুরোনো হোস্টেলগুলোর একটায় হিউমনিটিজ ব্লক আরেকটায় সেন্টিনারি ক্যাম্পাস তৈরি (যার উদ্বোধন করতে স্বয়ং রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জী এসেছিলেন), আশুতোষ কলেজের ১০০ বছর পূর্তি এবং আরো অনেক কাজ হয়। শিক্ষাক্ষেত্রে পাঁচটি বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট খোলাও হয় ওনার উৎসাহ এবং নেতৃত্বে। ওনার আমলে আমাদের কলেজ সব ক্ষেত্রেই কলকাতার শ্রেষ্ঠ কলেজগুলির মধ্যে অন্যতম হিসাবে স্বীকৃতি পায়।

ইতিমধ্যে ২০১৪ সালে হঠাৎ করেই উনি আমাকে IQAC, এর কোঅর্ডিনেটর করে দিলেন। কেন করলেন সেটা উনিই জানেন, হয়তো আমার প্রতি ওনার বাড়াবাড়ি রকমের ক্ষেহ এবং বিশ্বাস ছিল, কিন্তু মুশকিলে পড়লাম আমি। IQAC কী, কী করতে হয় তার কিছুই জানতাম না। তার উপর এ ২০০২ সালের NAAC ~ C ++ পেয়ে আমাদের কলেজ একটু হলেও সমস্যায়।

সে যাই হোক, আমরা কয়েকজন মিলে কাজ শুরু করলাম। সেই সময় স্যারের আরেকটা দিক দেখলাম, কি অগাধ বিশ্বাস যা বলছি সেটা শুনছেন, বুঝছেন আর পুরো সাপোর্ট দিছেন। ২০১৪ থেকে ২০১৬ অবধি প্রথমে আমরা ক'জন, তারপর আরো ক'জন, তারপর কলেজের সবাই মিলে NAAC- এর কাজে ঝাঁপিয়ে পড়লাম।



সেই সময় স্যারের কথা মতো স্যারের সাথে যেতাম, NAAC- এ ভালো গ্রেড পাওয়া বিভিন্ন কলেজ আর ইউনিভার্সিটিতে সেখানে ভালো কী কী আছে সেটা দেখতে এবং শিখতে। (ততদিনে স্যার কলেজ সার্ভিস কমিশনের দায়িত্বও নিয়েছেন, তাই সব কলেজ এবং ইউনিভার্সিটিতে উনি স্বাগত)। সে সময় দেখলাম যে কোনো কলেজ/ইউনিভার্সিটির যতই সামান্য জিনিস হোক না কেনো, সেটা কলেজের জন্য ভালো হলে উনি সাথে সেটা আশুতোষ কলেজে ইমপ্লিমেন্ট করার জন্য ভীষণ ভাবেই উৎসাহী।

এই সময়ের কিছু টুকরো টুকরো ঘটনা বলি।

স্যারের ফোন

স্যারের ফোন খুব চাপের হতো। এক এক সময় কলেজ থেকে বেরিয়ে ব্যারাকপুরে চলে আসতাম, এক কলে। স্যার বলে যেতেন যা যা বলার, মাঝে মাঝে আবার চেক করতেন, "শুনছো তো?" রাতের ফোন শুলো আরো সাংঘাতিক, রাত ১১/১২ টায় কল শুরু, কাকের ডাকে শেষ। রাতে আমরা একে অপরকে ভয় দেখাতাম, "ঘুমিয়ে পড়ো নাহলে স্যারের ফোন চলে আসবে।"

ফিরে ডাকা


আমাদের কয়েকজনের ব্যাপারে নিয়ম ছিল, কলেজ ছাড়ার আগে স্যারকে বলে যেতে হবে, সেই বলতে যাওয়া আর যাওয়ার পারমিশনের মাঝে সময়টা ৩০ মিনিট থেকে ১ ঘন্টা হতো। কিন্তু বেরিয়ে যাওয়ার পর ১০–১৫ মিনিট খুব আশঙ্কায় কাটতো, স্যার আবার ডেকে পাঠাতেন, কখনো হাজরা মোড়, কখনো মেট্রো স্টেশন থেকে ফিরতে হতো। মেট্রোতে টিকেট punch করা হয়ে গেলে বেরোনো যায় না। আমি মেট্রো স্টাফদের অনুরোধ করতাম প্রিন্সিপাল স্যার ডাকছেন, করে সাইড গেট দিয়ে বেরোতাম আবার কাজ শেষ করে আবার ঢুকতাম। শেষে মেট্রোর স্টাফরা চিনে গেছিলো আমাদের, বলতো দাদা ঢুকবেন না, দাঁড়িয়ে যান, প্রিন্সিপাল ডাকবে।"

NAAC ভিজিট ২০১৬ ডিসেম্বর

২০১৬ সালের ডিসেম্বরে, NAAC, এর ভিজিট হয় আমাদের কলেজ। স্যারের পাওয়ার পয়েন্ট প্রেসেন্টেশন, কলেজের সব ডিপার্টমেন্টের পাওয়ার পয়েন্ট প্রেসেন্টেশন, সব ডাটা কালেকশন সেগুলো গুছানো, সব কলেজ বিল্ডিং সাজানো, সব মিলে সেপ্টেম্বর থেকে কলেজ জুড়ে হৈহৈ কাগু। স্যারের পাওয়ার পয়েন্ট আর পছন্দ হয় না। ১৬০ বার কারেকশনের পর স্যারের মনোঃপৃত হলো, শেষ কারেকশন স্যারের ফ্লাটে বসে, মাত্র ৫ ঘন্টা সময় লেগেছিলো সেদিন।

NAAC ভিজিটের সময় আমাদের কলেজের সবাই শিক্ষক, অশিক্ষক, ছাত্র, alumni সবাইকে একসাথে নিয়ে সবাই মিলে একসাথে কীভাবে কাজে ঝাঁপিয়ে পড়তে হয় সেটা না দেখলে বিশ্বাস করা যেত না। আরেকটা বিষয় স্যার না থাকলে স্যার উদ্বুদ্ধ না করলে আমরা অনেকেই জানতেই পারতাম না আমরা নিজেরা এতটা কাজ করতে পারি। সবার মধ্যে থেকে সবার সেরাটা বার করে আনা স্যারের মতো কেউ পারতো কিনা সন্দেহ।

আমার মতো সাধারণ (অযোগ্য বলাই ভালো) একজনকে ভরসা করে আর বিশ্বাস করে, NAAC- এর



মতো বড় কাজের কোঅর্ডিনেটর করে দেওয়া, আর সেখান থেকে A গ্রেড পাওয়া কতটা আত্মবিশ্বাস আর অন্যদের প্রতি ভরসা থাকলে সম্ভব, স্যারের কাছ থেকে শেখার, বা হয়তো শেখার না, এটা শুধু উনিই পারবেন।

তৃতীয় পর্ব (২০১৭ -)

২০১৭- এর শেষের দিকে (খুব সম্ভব ডিসেম্বরে) স্যার Sidho-Kano-Birsa বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হন।এর ফলে ওনার আশুতোষ কলেজে আসা প্রায় বন্ধ হয়ে যায়। আমার সাথে যোগাযোগটাও ধীরে ধীরে কম হয়ে আসে, তবু যতবারই দেখা বা যোগাযোগ হয়েছে সেই আগের মতোই উষ্ণতা, সেই আগের মতোই ক্ষেহ। মাঝে স্যারের আমন্ত্রণে স্যারের ইউনিভার্সিটিতে যাই, সোমাদি আর আমি। পুরুলিয়া স্টেশনে ভাইস চ্যান্সেলরের গাড়ি, স্যারের (ভাইস চ্যান্সেলর) বাংলোতে থাকা (আমার জীবনে প্রথম আর হয়তো শেষ), স্যারের প্রায় নিজের হাতে পরিবেষন করে খাওয়ানো, আর মাঝরাত অবধি স্যারের বাংলোর বারান্দায় বসে আড্ডা, সেই পুরানো স্যারকে আরেক বার ফিরে পাওয়া, সে এক অসাধারণ অভিজ্ঞতা।


উপসংহার

স্যারকে নিয়ে আমার অভিজ্ঞতার খুব অল্পই এখানে লিখলাম। আরো অনেক গল্প, অনেক মজার ঘটনা আছে, হয়তো অন্য কোনো সময় অন্য জায়গায় বলার বা লেখার সুযোগ পেলে বলবো বা লিখবো।

স্যার আমার মেন্টর। আমি বোটানির শিক্ষক হিসাবে যেটুকু সুনাম বা সাফল্য পেয়েছি, আমার শিক্ষকদের সাথে স্যারও সেই সাফল্যের সমান অংশীদার। শিক্ষকরা আমাকে শিক্ষা দিয়েছেন আর সেই শিক্ষাকে কী ভাবে ছাত্রদের মধ্যে pass-on করতে হয় সেটা স্যারের থেকেই শেখা। কলেজের অ্যাডমিনিস্ট্রেটিভ কাজ, সেটাও স্যারের সাথে থেকে শেখা। আজ আমি শিক্ষক হিসাবে যা হতে পেরেছি, কলেজের বিভিন্ন কাজে যেটুকু কাজে লাগি, সবই স্যারের শিক্ষা। এখনো কোনো সমস্যায় পড়লে আমি আমার মতো না, স্যারের মতো – স্যার এই সম্যুসায় পড়লে কী কী করতেন সেই ভাবে ভেবে স্মাধান খোঁজার চেষ্টা করি।

উনি একসময় পাশের চেয়ারে বসতেন, তারপর প্রিন্সিপালের চেয়ারে, এখন ভাইস চ্যান্সেলারের চেয়ারে।যত দূরেই থাকুন, সর্বদা তিনি আমার পাশেই ছিলেন, আছেন ও থাকবেন।ভালো থাকবেন স্যার।

> ড. তথাগত রায়চৌধুরী সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিদ্যা বিভাগ



এক শিক্ষকের আর এক ছাত্রের কাহিনী

কটি ছেলে। সদ্য পিএইচ. ডি. করে বালিগঞ্জ সায়েন্স কলেজে পোস্ট ডক্টোরাল করতে ঢুকেছে। একদিন ল্যাবরেটরিতে এইচ.পি.এল.সি চালাতে ব্যস্ত। দুই ভদ্রলোক ঘরের দরজা ঠেলে ভেতরে এলেন।স্যারের সঙ্গে কথা বললেন।তারপর ছেলেটিকে নিয়ে এলেন আশুতোষ কলেজে। বললেন বোটানি পড়াতে হবে। ছেলেটির পূর্ব অভিজ্ঞতা ছিল না। তবুও সেই দুজন তাকে প্রচুর উৎসাহ দিয়ে, জেনারেল বি. এসসি-র প্রথম দিনের ক্লাস, ফার্স্ট ইয়ার অনার্সের প্রথম দিনের ক্লাস এবং থার্ড ইয়ার অনার্সের ক্লাস নিতে পাঠিয়েছিলেন। ছেলেটি আবিষ্কার করেছিল পেছনে দাঁড়িয়ে ওঁরা শুনছেন। পরে কাছে টেনে নিয়ে বলেছিলেন "ভালো পড়িয়েছো।" ভদ্রলোক দুজনের একজন প্রফেসর দীপক কুমার কর। অন্যজন প্রয়াত হয়েছেন, প্রফেসর নির্মল কুমার। সেটা ১৯৯৯-২০০০ সাল। তারপর থেকে কত দিন কেটে গেলো। সেই অমিতাভও এখন কর্মবেলার শেষের দোরগোড়ায়।দীপকবাবুও অবসর নিচ্ছেন।অমিতাভ ভাবছে কত গান তো হলো গাওয়া।


স্যার একজন শিক্ষক। খুঁটিনাটির প্রতি সর্বদা সতর্ক নজর। কী করে নোটিস লিখবে, কী করে অ্যাপ্লিকেশন লিখবে, পরীক্ষার প্রতিটি কাগজপত্র কী করে তৈরী করবে, ফাইল করে রাখবে, প্রশ্নপত্র কি করে নির্মেদ হবে, ছাত্রদের উপযোগী হবে, কিভাবে নোট তৈরী করবে, পড়ানোর সময় কোন কোন বিষয়ের ওপর জোর দেবে, পরীক্ষার সময় কি খাওয়া হবে, এমনকি কোথায় ভালো মাংস পাওয়া যায়, খাসির মাংস, কফি তৈরি, — সব কিছুই তিনি শেখালেন। সেই প্রথম দিকে ডিপার্টমেন্টে আলমারির টানা থেকে মাইক্রোস্কোপ বের করা হতো। স্যার কোনো কিছুতেই পিছুপা নন। আশুতোষ কলেজে সায়েন্সে ছাত্রীরা পড়তে এলো। সেখানেও দীপকবাবু প্রধান উদ্যোক্তা। এক্সকারশন যাওয়ার আগে ছাত্রছাত্রীদের বলছেন বাইরে গিয়ে আশুতোষ কলেজের নাম যেন নিচু না হয়। তাঁর সঙ্গে এক্সকারশন যাওয়ার অভিজ্ঞতা ভোলবার নয়। তখন মাইনে বড়ো কম ছিল। পার্ট টাইম টিচার অমিতাভ। চেকে মাইনে হতো। অফিস স্টাফ ছিলেন একজন। সঠিক ব্যবহার করতেন না। দীপকবাবু সেটা অনুভব করে নিজে ব্যবস্থা নিলেন। তারপর স্যার হলেন বার্সার। নিজে উদ্যোগী হয়ে ডিপার্টমেন্টে সর্বক্ষণের টিচার হিসাবে অমিতাভকে নিলেন।

অমিতাভ মানে আমি। যা যা চাইতুম সঙ্গে সঙ্গে দিতেন। কেমিকাল থেকে বই। কোনো কিছুতেই না করতেন না। ২০০৩ সালে সেপ্টেম্বর মাসে আমি হলাম কন্ট্র্যাকচুয়াল হোল টাইমারও। সেই সব কাগজপত্র নিজে হাতে সাজিয়ে দিয়েছেন, তখন আমার ফ্রোজেন শোল্ডার হয়েছিল।

পরে প্রিন্সিপাল হলেন। আমি ইউ.জি.সি-র মেজর আর মাইনর, দুটো প্রজেক্ট পেলুম। নিজে হাতে প্রজেক্ট রাইউ–আপ সংশোধন করেছেন। সে বড়ো কড়া সংশোধন। তখন স্কলার নির্বাচন প্রক্রিয়া চলছে। খাবার আনা, এক্সপার্টকে আপ্যায়ন, তাঁকে সাম্মানিক কীভাবে দিতে হবে সব দিকে তাঁর নজর।

পরীক্ষা থেকে অ্যাডিমিশন — প্রত্যেকটি প্রক্রিয়ার সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ দিতেন। মনোযোগ দিয়ে কাজ করলে খুশির অন্ত নেই। কিন্তু ভুল করলে কড়া বকুনি। একবার ডিপার্টমেন্ট থেকে সেমিনার হলো। পরিচালনা করলাম। তাঁকে জিজ্ঞেস করে নিলুম কী বলবো। এমন ভাবে গ্রুমিং করলেন যে দিনের শেষে তাঁর বাহবায় মন ভরে উঠেছিল। তখন প্রচুর অনুষ্ঠান হতো কলেজে। সে বড়ো সুখের সময়। উনি অনুষ্ঠানের

FESTSCHRIFT



মানের দিকে কঠিন নজর রাখতেন। মান নিচুর দিকে থাকলে তাঁর ভ্রুকুটি চোখ এড়াতোনা। একবার তো হল ফাঁকা। আমাদের পরিচালক চন্দ্রমল্লী রেগে আগুন। স্যার ছুটলেন দর্শক আসন ভরাতে। তবে সেই প্রায় ফাঁকা হলে জব্বর গেয়েছিলুম আমরা।

ভাসায়, ডায়মন্ড হারবার রোডে কলেজের জমি কেনা হলো। ভূমি পুজোর দিন আমরা গিয়েছি। আবার ওখান থেকে বেরিয়ে এসে সিনেমা দেখতে ঢুকেছি।ওনার চোখ এড়ায়নি।পরের দিন ঠিক ধরেছেন।আবার হেসেও ফেলেছেন।

কলেজে ন্যাক ভিজিট হবে। উনি বিষয়টিকে একেবারে যুদ্ধকালীন প্রস্তুতি হিসাবে নিলেন। ডিপার্টমেন্টকে ন্যাকের কাছে তুলে ধরতে এবং আমাদের বেড়ে ওঠা দ্বিতীয় ক্যাম্পাসে একটি ভেষজ গাছের বাগান ও অন্য অনেক কিছুই করবেন। আমাকে বিভাগীয় প্রধান করলেন। দায়িত্ব তো ছিলই, সেই সঙ্গে কঠিন পরিশ্রমও করতে হয়েছে সেই সময়। নানা বাধা, অহেতুক সমালোচনা। কিন্তু স্যার সে সব মনে নিতে বারণ করতেন। যা চেয়েছি সঙ্গে সঙ্গে দিয়েছেন। যাতে কাজের সম্মানটা আমরা পাই তাই আমাকেই বলতেন, "নিজে ভাব"। তাঁর দেওয়া দায়িত্ব সামলেছিলুম। মনে পড়ে আজও আমাদের সহযোদ্ধাদের কথা। তথাগত, বিদিশা, কুন্তল, অভীক, সন্দীপ, মানস।

এরপর স্যার কলেজ থেকে চলে গেলেন বৃহত্তর কর্মক্ষেত্রে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য, কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান। সিধো কানু বিরসা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। যোগাযোগ একেবারে ফুরিয়ে এলো। এখন তো উনি অবসর নিচ্ছেন। তবু আমি জানি, আমরা জানি, উনি আমাদের ভালোবাসেন, মনে রাখবেন।

"আমার খেলা যখন ছিল তোমার সনে, তখন কে তুমি তা কে জানতো"। আজ সেই পরিচয় হয়েছে পূর্ণ। স্যার আপনি ভালো থাকুন।

- আপনার অমিতাভ

ড. অমিতাভ ঘোষ এস. এ. সি. টি., উদ্ভিদবিদ্যা বিভাগ




Dipak-da to Dr. Dipak Kumar Kar, Principal

uring the first few years of my service at Asutosh College Prof. Dipak Kumar Kar had been a colleague I barely knew or interacted with except fleetingly. I had begun service as Lecturer in English in 1996 in a suburban college in Hooghly district before joining Asutosh College in February, 2000. The college had fewer departments then and a much smaller staff strength. Like other senior male colleagues who were referred to and directly addressed as '-da' (elder brother) denoting an informal relationship, Prof. Kar had also been 'Dipak-da' to us juniors. Ever polite and courteous to all, and a man of very few words, that was the impression I got then.

It was during this phase when he was still 'Dipak-da' and my first service promotion, that of Senior Lecturer, was due that I first interacted closely with Prof. Kar. He had been assigned by the then Principal, Dr Debabrata Chaudhuri, to help those of us who were due for promotion, with all the procedural formalities. And needless to say, we were fascinated by his meticulousness and the calm efficiency with which he handled all the minutiae and guided us expertly through every step of the process. I remember him then as a wonderfully efficient and helpful senior colleague from the Department of Botany. By the time my second promotion, as Reader, was due, Prof. Kar had become the Bursar. To most of us he was still 'Dipak-da' and once more I was amazed by how smoothly that rather tedious and to me at least, rather befuddling process of career advancement was handled by him. This was early in 2008. In less than a year, however, the entity 'Dipak-da' was replaced by Dr Dipak Kar, Principal, Asutosh College, whom we now addressed as 'Sir'. It was as if overnight a completely new personality was born. The easy informality of the earlier association was lost, and its place was taken by a measured formality that has remained ever since.

As Principal, Prof. Kar became even more of what he had always been, a workaholic, and this 'addiction' to work was something that he tried to instil in us as well, of course with mixed success. His achievements as an administrator have been many: introduction of the postgraduate course in six subjects, successful launching of the Bhasa campus project through the introduction of the B. Voc. and Community College courses there, construction of the college Centenary Building, renovating the old boys' hostel and converting the same into a dedicated Humanities Block, all of which culminated in an 'A' grade for our college in the NAAC assessment of 2016. Steering



our academic institution towards excellence had been Dr Kar's mission ever since he became the Principal. And now, as the Vice-Chancellor of a fledgling university, I am sure he still retains this visionary zeal.

Prof. Kar has other sides to his apparently iron self also as is borne out by what I will now relate. My friend and departmental colleague, Dr Paromita Chaudhuri, and I have always been more interested in things that often have little to do with our professional identities or our academic orientation. At one point of time we were keen to visit an actual mine, experience what it felt like to descend into the depths of the earth down a shaft. It was Dr Kar who as Principal gave us the opportunity to fulfil that desire when he arranged for us to join a field study being conducted for students of the Geology Department by Dr Ashis Das and Dr Sunipa Mondal in the Jadugoda-Naroa Pahar uranium mines. This was in the autumn of 2011. Dr Kar could well have denied us permission since we taught a subject that was not even remotely connected with the earth sciences, instead he encouraged us to go ahead with what might have been thought of as a mere whim on our part and nothing more. We will always remain grateful to him for this.

This brief recap of my association with Dr Kar cannot end without acknowledging the fact that he has often been instrumental in instilling in many of us a sense of confidence and self-belief by entrusting us with responsibilities that extended beyond curricular demands. In my own case, it was his adroit move of making me learn the ropes of preparing the college Prospectus from Dr Binayak Misra, and then finally drafting me into the Publication Cell of the college with which I have since been attached.

My regards to Dr Dipak Kar, a man who has become synonymous with 'work' spelt in capital letters. May superannuation not dull his enthusiasm but lead him on to pastures new!

Dr. Sraboni Roy Associate Professor, Department of English



Captaincy

When you win the toss — bat. If you are in doubt, think about it, then bat. If you have very big doubts, consult a colleague then bat.— <u>W. G. Grace</u>

Dipak Kar was such a captain of Asutosh College. In every venture and before every step forward he did consult his colleagues, at least with their representatives, and with various committees of the college and finally did what he thought was necessary. In every such time the college won and achieved the goal. I can remember an almost two-hour long phone call where he only asked my opinion on whether the college should go for the centenary celebrations immediately before attempting for NAAC accreditation or after. Though, truly, now I cannot remember the opinion I gave, I am confident that Dr. Kar took opinions from many of our colleagues to estimate our preparedness for a NAAC peer team visit but proceeded to apply for the NAAC assessment just the same after his brief absence during 2014-15. He spearheaded our venture for the assessment, and we achieved a high grade which was justified for the standard of our college.

One of his plans was to establish different teaching-cum-research schools by clustering different academic departments and to develop an academic hub in the second campus with those schools. We did rigorous groundwork to prepare the project plans for the establishment of the Schools of Life Sciences, Earth Sciences, Physical and Mathematical Sciences, Vocational Studies and so on. Academic activities in the second campus have already been initiated through the Bachelors courses in selected vocational subjects with affiliation from the University of Calcutta. These vocational courses were initially sponsored by the UGC. Dr. Kar always remained informed about all development schemes launched by both the central and state governments and their agencies. Applying and competing for almost every applicable funding scheme launched by the government periodically had not been the practice of our college, possibly not of any college of our state; but our college made it a practice during Dr. Kar's principal-ship. Preparing applications for the UGC sponsored B.Voc . and Community College schemes was not easy at all. At the time of application we had to sign MoUs with various industries and industry associations. Dr. Kar met representatives of those industry houses in person to get them as our affiliates, and who eventually helped



us in framing the syllabus along with teaching time distribution and by training our students afterwards when the college was awarded with the responsibility of starting and running the course. Asutosh College possibly was one of the only two colleges, in the state, awarded with the B.Voc. courses at that time, by the UGC.


Many teachers, including myself, were unwilling regarding the initiation of distance education courses in the second campus. Our Principal allowed us to speak against the administrative will; and after a two-day long discussion he requested us not to have faith in his decision and we responded in the positive. Finally the distance education courses started and are now running successfully.

Both the hostels, girls' and boys', were constructed from UGC funds. It was difficult to get the soil survey done, get the civil plan drafted as well as the budget ready and have it vetted by a competent authority, all within a short span of time. But with constant push from Dr. Kar, we managed to get the job done, and our proposals sanctioned. Today, the two hostels accommodate more than 200 students, who are pursuing their studies to realise their dreams of a successful career in the future.

Dr. Kar bulldozed all resistance and initiated the M.Sc. course in Applied Geology. We were apprehensive about the success of the course. But now I know, more than 100 students earned their Masters degrees and most of them are contributing to the society as professional geologists in India and abroad. Some are engaged in research in universities in India, Europe and the USA. Now I feel that, though we were sceptic about the initiation of MSc course in our college, actually we have served the society a lot through this course.

Dr. Kar guided me in applying for an infrastructural development grant for the Post-Graduate department of Geology. We received ~9 lakh INR from the state government. I know that only the Geology department has executed this tedious job and secured a fund from the state government to upgrade the teaching facilities in the department.

It was in 2013. I got my first major research project. I did not have funds to purchase any computer. But it was an utmost necessity for the project. I requested Dr. Kar to extend to me the fund received for institutional overhead to procure computers for setting up the required Remote Sensing–GIS laboratory. Dr. Kar agreed instantly, and the lab was developed through the fund received as institutional overhead. Dr. Kar was in favour of in-house research activities and always extended his support to establish



laboratories, install instruments as and when required.

Be it the DST-India grant for development of Post-graduate science departments or competing for UGC funding for Post-Graduate courses in Geography and Zoology, Dr. Kar always led our ventures and we secured the financial supports.

He has always been a leader from the front.

Dr. Kar is a workaholic, and he was successful in injecting this into many of the teachers in Asutosh College, who now bear the responsibility of taking the college in a forward direction.

Dr. Abhik Kundu Associate Professor, Department of Geology




Dr. Dipak Kumar Kar: Academic Activities in Asutosh College

Then the publication committee of this commemorative volume asked me to highlight Sir's academic excellence, I felt that I am not competent enough as it needs discussion on an array of his multifarious activities which are all related to his keen interest in development and spreading of education . I met him in Asutosh College in 2001 and have been in touch with him till 2017, but prior to that, his joining dates back to the year 1987. Since then with grit, passion and endless efforts he has built up this Botany department as a glorified honours department in Asutosh College. Within a few days of my joining here I realized that he is an all-rounder teacher in Botany. While we were students, we had come in contact with many good teachers but most of them were specialised to teach a particular field of Botany only, while sir was competent enough to teach any portion from the entire subject at undergraduate honours level without any book or notes, only with chalk and duster. His first excellence according to me is him being a really good teacher, which was also revealed by the student's response towards him, he was loved and admired by all.

Now let me disclose the fact that he was in the first batch honours student of Botany at Ramkrishna Mission Vivekananda College, Rahara; here with all his own efforts he succeeded to get admitted in post graduate studies in University of Calcutta, which at that time was really difficult, specially from a sub-urban college. In university too, he showed his excellence in post graduate studies by securing the second position with specialization in Cytogenetics and Plant Breeding. His academic performance was appreciated by all the University Professors. He continued further to secure a Doctorate where he did his research work under the guidance of another eminent scientist Dr. Sumitra Sen in the area of Cytogenetics and Secondary metabolite studies in medicinal plants like Asparagus and allied genera. He published several research papers in international and national level scientific journals during his doctoral and post-doctoral tenure and also presented several papers in many seminars and symposia.

He started his teaching in Vidyasagar College and then shifted to Asutosh College, serving here for long 30 years. Our college is proud of having such an excellent



teacher like him. Apart from teaching he was interested in publishing good books in different areas of Botany. Along with teaching he was involved in authoring several books in the areas of Cytogenetics, Cell Biology, Molecular Biology, Plant Breeding, Biometry, Plant Biotechnology and also Plant Metabolism, which were published by both International and National publishers. His aim has always been to spread the knowledge to more and more people, helping the students achieve success easily.

In the year 2009, when he became the Principal of our college, we all realized that he is not only a good teacher, but also an efficient and bold administrator. With all his efforts he could uplift the college to an excellent position which helped us to secure an "A" grade in NAAC accreditation in the year 2016. He made all of us very proud when he was offered the position of Pro-VC of the University of Calcutta in the year 2017, where he could ably perform the implementation of the CBCS system in both the UG and PG curricula at the University of Calcutta. In 2019, yet he reached another milestone. He stepped ahead and joined as Vice Chancellor at Sidho-Kanho Birsa University of Purulia. His dedication and passion for all the developmental activities remained unabated for the university as well as for the society there, as the education system is always dedicated to the service for the nation.

During his tenure here at Asutosh College, many revolutionary academic activities were attempted after the joining of our previous Principal Dr. Debabrata Chaudhuri in the year 2000. Sir got the chance to fulfill some of his dreams about the introduction of new advanced subjects like Microbiology, Biochemistry, and also the introduction of PG courses, as he had a vision of Asutosh College being a PG college and maybe becoming a deemed University in future. Though there was always space scarcity but nothing could resist his spirit, in 2003 both these subjects got sanctioned for teaching at the honours level, and the first PG course started in Environmental Science. Afterwards, more PG courses were introduced during his tenure as Principal in this college, Bengali, Computer Science, Geography, Geology, and Zoology. The former Principal realized that all the developmental activities were not possible within this limited space of Asutosh College main building, so a huge land was purchased at Vasa, with the project of building a second campus and DK Sir started his new ideas to build up different schools, like School of Life Sciences, School of Physical Sciences, School of Social Sciences, School of Humanities, etc. He realized that Botany alone is not a

FESTSCHRIFT




complete subject, it needs the link with other subjects of bioscience, like Biochemistry, Microbiology, Genetics, Zoology, etc., and also the subjects like Environmental science, Biotechnology will grow up based on these basic subjects. So he planned to build the school under one roof.

During his tenure as Principal Asutosh College became enriched with more buildings to resolve problems of space, with more class rooms in ACTC Building, Humanities building, Centenary building, and also the construction of the second campus with introduction of PG courses in distance education mode, Vocational training courses, Add-on courses. He could realise that only the graduate course teaching is not enough for a student to proceed further in future, so different skill development courses, like Skill development in computer operation, Travel and Tourism, Hospital Waste Management etc., also the training courses for appearing in WBCS and UGC-CSIR NET examination were introduced, where the college students get help to carry on their studies along with other undergraduate courses.

Beyond all these activities I must mention here he believed that for the advancement of scientific knowledge the undergraduate course should also be modified, he took active participation in changing the undergraduate honours syllabus of Botany when he was a member of UGBOS of Botany of Calcutta University. In the year 2006 the total honours syllabus in Botany was enriched through introduction of many of the new topics of Biosciences, and with all his efforts with the help of University he arranged few workshops for the implementation of new Syllabus; during the introduction of this new CBCS system, he was also totally involved in every aspect.

In the end, I must express my deep gratitude to our DK Sir as I have learned a lot from him. Just like a teacher, he has always guided us in such a way that our department became so enriched with academic activities. Under his Headship tenure Asutosh College could make its position as one of the best places for Botany honors in University of Calcutta. Not only that, he could motivate all of our departmental faculty members to participate in teaching Microbiology, Environmental Science, also in different skill developmental courses. We can remember many of the memories of his different activities for the development of the Department of botany, to make this department known to other college teachers the first UGC-sponsored Seminar was arranged inviting eminent professors from the universities and research Institutes.



Here I would like to state one incident, in the year 2009 when he joined as the Principal of Asutosh College, the department missed the presence of one excellent teacher from everyday teaching, and the students and we also felt that. One day hence when I went to the Botany Department of Calcutta University, I suddenly came across his research guide Professor Dr. Sumitra Sen and discussed about his joining as Principal. She was expressing her sorrowful feelings as DK won't teach regularly, which is a loss to the students of Botany. Incidentally at that time another eminent scientist Prof. Arun Sharma was passing by, he answered Sumitra Madam, "Dipak is as good in teaching, he also will be successful as an administrator", still now I remember those words and feel how he could tell this truth about a student, it proves how much adorable he was to his teachers, they could justify his excellence in teaching as well as in administration, the combination of both could helped him to achieve all the success.

Dr. Soma Halder Associate Professor, Department of Botany



হয়ে ওঠা

থার মধ্যে স্মৃতিরা ভিড় করে এলে, কোন কথা থাকার জন্য আর কোন কথা বা বয়ে যাওয়ার জন্য, তা স্থির করা বড়ই কঠিন হয়ে পড়ে। নদীর সবটুকু জল প্রয়োজনের তাগিদে ধরে রাখলে তার সহজ প্রবাহ ব্যাহত হয়। স্মৃতি আসলে এক প্রবাহ। তবুও জীবনের ঘাটে ঘাটে সে তার স্রোতের ঘূর্ণিচিহ্ন রেখে যায়। থেকে যায় কিছু কথা।

২০০২ থেকে তাঁকে দেখেছি। নীরবে অধ্যক্ষের ঘরে মাথা নীচু করে কাজ করে যাওয়া এক অধ্যাপক হিসেবে শুনতাম তাঁর কথা অনেকের কাছে। শুনতাম প্রশাসনিক কাজের ভার সামলেও তিনি ক্লাস নেওয়ার বিষয়ে ছিলেন সচেতন। দেখেছিলাম এরপরেও তাঁর গবেষণামূলক বই প্রকাশিত হতে।

আলোচনায় সমালোচনায় তাঁর যাত্রা কেবলই দীর্ঘ হয়েছে। রবি ঠাকুর বলেন, "মহত্ত্বকে পদে পদে নিন্দার কাঁটা মাড়াইয়া চলিতে হয়।" যারা লক্ষ্যে অবিচল থেকে কাজকেই জীবনের মন্ত্র করতে পারেন, ড. কর ছিলেন তাঁদের একজন। আমার মনে হয়েছে অধ্যাপক ড. দীপক করের এসবের মধ্যে দিয়েই অনেকটা নিজস্ব নিয়মেই একটা "হয়ে ওঠা" ছিলো। তাঁর এই "হয়ে ওঠা" আমরা যারা দেখলাম, তারা বেশ কিছু অভিজ্ঞতায় নিজেদের সমৃদ্ধ করে নেওয়ার অবকাশও পোলাম। এই বা কম কী!

অনেক কথার মধ্যে থেকে একটি কথা তুলে আনি, যা তাঁর সঙ্গে কাজ করতে গিয়ে আমার ব্যক্তিগত একটি খামতিকে বুঝতে সাহায্য করেছিলো। শিখেছিলাম কীভাবে দপ্তরী চিঠি লিখতে হয়।

একসময়ে, গবেষণার কাজে ফ্যাকাল্টি লিভের আওতাভুক্ত ছুটি নিতে যখন তাঁর কাছে আবেদন রাখি, তখন বুঝতে পারি, এর জন্য এক দীর্ঘ প্রক্রিয়ার প্রতিটি ধাপ নিখুঁত ভাবে উৎরোতে হবে। এ কাজের বিস্তর কাগুজে প্রক্রিয়ার অন্যতম আবশ্যক কাজটি ছিলো অসংখ্য চিঠিপত্র লেখালেখি। সরকারী পর্যায়ে আনুষ্ঠানিক পত্রলিখনের সবিশেষ পাঠ আমার ছিলো না।ফলত, গবেষণা–ছুটি মঞ্জুর হতে গেলে যে সব পত্রের ব্যবস্থা করতে হবে, তার একভাগ লেখারও ক্ষমতা বা ধৈর্য কোনোটাই আমার ছিলো না। ড. কর আমাকে শিখিয়েছিলেন হাতে ধরে, দপ্তরীপত্র লিখতে। আমি লিখে নিয়ে গেলেই তিনি প্রতিটি শব্দ, বাক্য সংশোধন করতেন, বুঝিয়ে দিতেন লেখার কৌশল। আবশ্যক কথাকে অনাবশ্যক কথার ভিড়ে হারিয়ে না ফেলার পাঠ পেয়েছি তাঁর কাছেই। তিনি দক্ষ শিক্ষক ও দক্ষ প্রশাসক... একথা বলাই বাহুল্য আজ।

সেই গুণের ষোলো আনার সাড়ে পনেরো আনাই বিভিন্ন গুণী কলম স্মরণ করবে। তিনি সে আলোচনার যোগ্যও, তবুও, আজ তাঁর আনুষ্ঠানিক কর্মবিরতির দিনে, তাঁর অসংখ্য সাধু কাজের তালিকায় এটুকুও সংযোজিত হোক, যে তিনি সহকর্মীদেরও শিক্ষক হয়ে উঠতে পেরেছিলেন, যা তাঁর অনেক অনেক "হয়ে ওঠা"র একটি।

স্যার,

আপনার অবসর জীবন সুন্দর হোক।

আপনার সমস্ত কাজ আমাদের মধ্যে দিয়ে আরো আরো ভালো ভাবে সফল হয়ে উঠুক এই আশীর্বাদ রাখবেন।

ড. সঞ্চিতা সা<mark>ন্যাল</mark> সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ




Professor D.K. Kar - The Scholar-Administrator

first met Professor D.K.Kar in our Botany departmental reunion at Ballygunge Science College, CU sometime in mid-nineties, when I was a Ph.D. researcher in Professor Subhendu Mukherji's Plant Physiology Lab. A respected senior Dr. Sumita Ghosh introduced Professor Kar and Kakoli di with the words "they're my good friends and batch-mates too. Address them as Dipak da and Kakoli di." After that we would meet annually at the reunions with the usual congeniality. Sir would be with his group of friends and I with mine. I found him to be rather shy and a man of few words with a ready smile. During one such reunion he happened to personally invite me to attend a seminar at Asutosh College two months before the actual event lest he forgot in the last minute hustle-bustle! At the time of certificate distribution he cautioned me to be careful about the correct spelling of my name on the certificate. And yes, he was right – there was indeed an error in the spelling!

Many years later I met him again in an official meet at DBT. Sir was then Principal, Asutosh College and I was teaching in a college in suburban Howrah. The reserved shy individual had given way to a seasoned experienced administrator in complete command of everything around him. What a transformation that was! The departmental senior of yesteryears was now a somber stalwart –the Principal of a premier college with countless posts and designations I wasn't even aware of! Dipak da of yesteryears was now to be addressed with reverence...a towering figure to be admired from a distance.

A year later, ironically, I happened to join the Botany Department of Asutosh College - the very department that Sir had served with utmost sincerity. Within a few days of my joining, Sir moved on to serve as Chairman, WBCSC. Though my direct interaction with Sir has been limited, I strongly 'felt' his presence in the department and College. Sir had been an excellent student and scholar in Cytology and Genetics, besides being a prolific writer. He authored several well acclaimed papers and textbooks all of which are still widely read. His books in Cytology, Genetics, Plant Breeding, Cell and Molecular Biology are for ready reference not only in the Botany department of our college but also beyond.

FESTSCHRIFT



The secret of his success perhaps lies in his complete dedication and commitment to whatever work he is involved in whether academics or administration. And so this perfect blend of a scholar –administrator!

May Sir climb loftier mountains and scale greater heights.

My warm regards and very best wishes...

Dr. Supatra Sen Associate Professor, Department of Botany



Prof. Dr. Dipak Kumar Kar's Publications

A. Published Research Papers

- 1. Chromosomal changes in speciation of Asparagus; Acta Biologica Cracoviensia, Series: Botanica, Vol. XXIX (1987) 31-34.
- 2. Content of sapogenins in diploid, tetraploid and hexaploid Asparagus: International Journal of Crude Drug Research; 24-3 (1986) 131-136.
- 3. Sapogenins at different ploidy levels of Asparagus : Curr. Sci. : 55-4(1986) 198.
- 4. Propagation of Asparagus racemosus through tissue culture : Plant Cell, Tissue and Organ Culture : 5-1 (1985) 89-95 .
- 5. Chromosome characteristics of Asparagus sapogenin yielding plant: Cytologia: 50-1 (1985) 147-155.
- 6. Effect of hormone on chromosome behaviour in callus culture of Asparagus: Biologia Plantarum: 27-1(1985) 6-9.
- 7. Effect of gamma irradiation on callus tissues of Asparagus racemosus: Nucleus : 28-1&2 (1985) 52-55.
- 8. Sapogenin content in different populations and at different growth phases of Asparagus racemosus: Acta Botanica Indica: 13-2 (1985) 139-142.
- 9. Sarsasapogenin in callus culture of Asparagus racemosus: Curr.Sci.: 54-12 (1985) 585.
- 10. Organogenesis of diploid Asparagus racemosus through callus culture: Proceedings of INSA: B50-1 (1984).
- 11. Smilax zeylanica a new source of diosgenin: Curr. Sci.: 53-12 (1984) 661.
- 12. A correlation between sapogenin content and ploidy level in the genus Asparagus : Cell and Chromosome Research : 7-1 (1984) 10-15 .
- 13. In vitro synthesis of sapogenin in Asparagus racemosus Willd.: Proceedings of the National Symposium on Applied Biotechnology of Medicinal, Aromatic and Timber yielding plants: (1984) 62-69.
- 14. 14. Initiation , maintenance and cytological study of the callus of Asparagus racemosus : Cell and Chromosome Research ; 5-2 (1982) 57-61 .



B. Published Abstracts of the Presented Papers at Symposium /Conferences

- 1. In-vitro chromosomal variation in Asparagus and rapid propagation: National symposium on recent advances in plant cell and tissue culture of economically important plants, Hyderabad (1986) 45.
- 2. Analysis of sapogenin in different species of Asparagus belonging to different ploidy levels: Fifth International Society of Horticultural Science Symposium on medicinal, aromatic and spice plants, Darjeeling (1985) B 13:15.
- 3. Cytology, Phytochemistry and Tissue Culture of Asparagus A sapogenin source : Proceedings of 72nd session of Indian Science Congress, Lucknow (1985) Part XVII, Section VI, 229.
- 4. Potential of Asparagus as source of sapogenin: The Journal of the Indian Botanical Society, 63 (supplement), Seventh All India Botanical Conference, Jaipur (1984) VIII-27 81.
- 5. Rapid multiplication of Asparagus racemosus under in vitro State: International Symposium on Genetic Manipulation of Crops, Beijing, China (1984) 84.
- 6. Chromosomal changes in speciation of Asparagus: Fifth All India Congress of Cytology and Genetics, Bhubaneswar (1984) C4.6,67.
- 7. In vitro synthesis of Sapogenin in Asparagus racemosus Wild.: National Symposium on Applied Biotechnology of medicinal, aromatic and timber yielding plants, Kolkata (1984) E2,12.
- 8. Quantitation of Sarsasapogenin in different populations and in different growth phases of Asparagus racemosus: Proceedings of 71st Indian Science Congress, Ranchi (1984) III, 144.
- 9. Rapid vegetative propagation of Asparagus racemosus through tissue culture : Sixth all India Botanical Conference , Bhubaneswar (1983) VI-41,43.
- 10. Morphogenesis in relation to chromosomal constitution in some medicinally important Monocots; XV International Congress of Genetics, New Delhi (1983)II-1205,666.



Published Books

- 1. Cytology and Genetics (2004) Narosa Publishing House Pvt.Ltd., New Delhi & Alpha Science International Ltd., Harrow, U.K.,(2006) & National Publication Foundation, China (2012).
- 2. Plant Breeding and Biometry (2006) New Central Book Agency, Kolkata.
- 3. A Handbook of Plant Biosynthetic Pathways (2008) New Central Book Agency , Kolkata .
- 4. Cell Biology, Genetics and Molecular biology (2008) New Central Book Agency, Kolkata.
- 5. Plant Breeding, Biometry, Biotechnology (2010) New Central Book Agency.
- 6. Text Book on Biological Science (Vol.I & II) (2005) Prayas, Kolkata.
- 7. Text Book on Biological Science (1985) Central Publishing Concern, Kolkata.
- 8. Guided Model Test Papers in Biology : English & Bengali Version (1987) Central Book Publishers , Kolkata .



































































